# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 26, 1433 Bangla, May 09, 2026, Saturday, No. 126, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman said, Rabindranath Tagore's songs were source of inspiration in great liberation war. He referred to Rabindranath as unique symbol of Bengali literature, culture & humanism. [R. Today: 14]

Local Government, Rural Development & Co-operatives Minister has said, a group wants to create unrest in the society in various ways and everyone should be cautious of them. [R. Tehran: 07]

Information Minister said, BNP was the first to officially identify Shapla Chattar incident as 'genocide'; govt & media of that time disseminated distorted information to divert attention from the incident. [Jago FM: 09]

TIB Executive Director said, the way media in Bangladesh has been attacked in one & a half years of the interim govt is rare in the world and government's effective role hasn't been seen. [Jago FM: 10]

In the last 24 hours, seven children have died from measles & measles-like symptoms. [R. Today: 18]

Int'l concern has grown following the deaths of three people and infections of several others from hantavirus aboard the MV Hondius ship. WHO says it is a low risk to humans. [BBC: 06]

Bangladesh has called for increased global cooperation at a UN forum to ensure safe, regular and fair migration. [R. Today: 17]

Bangladesh & Pakistan have signed a 10-year MoU on drug control, under which the two countries will exchange information & technical assistance to prevent drug trafficking. [R. Today: 12]

In Dhaka, AI-powered cameras are being used to detect traffic violations & take automatic action, which officials say is improving discipline & public awareness in the road. [R. Today: 18]

The US Trade Court has ruled that the 10 percent global tariff imposed by President Donald Trump is illegal because it was imposed in violation of the limits of power. [NHK: 08]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ২৬, বাংলা ১৪৩৩, মে ০৯, ২০২৬, শনিবার, নং- ১২৬, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, মহান মুক্তিযুদ্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের গান ছিল প্রেরণার উৎস। তিনি রবীন্দ্রনাথকে বাংলা সাহিত্য, সংস্কৃতি ও মানবতাবাদের অনন্য প্রতীক হিসেবে উল্লেখ করেন। [রে. টুডে: ১৪]

একটি গোষ্ঠী বিভিন্নভাবে সমাজে অস্থিরতা তৈরি করতে চায় এবং সবাইকে এদের থেকে সাবধান থাকতে হবে -- মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী। [রেডিও তেহরান:০৭]

তথ্যমন্ত্রী বলেন, শাপলা চত্বরের ঘটনাকে 'গণহত্যা' হিসেবে আনুষ্ঠানিকভাবে বিএনপি প্রথম চিহ্নিত করেছিল এবং তৎকালীন সরকার ও গণমাধ্যম ঘটনাটিকে ভিন্ন খাতে প্রবাহিত করতে বিকৃত তথ্য প্রচার করেছিল। [জাগো এফ এম: ০৯]

টিআইবি'র নির্বাহী পরিচালক বলেন, অন্তবর্তী সরকারের দেড় বছরে বাংলাদেশের গণমাধ্যমে যেভাবে হামলা হয়েছে, তা বিশ্বে বিরল এবং সরকারের কার্যকর ভূমিকা দেখা যায়নি। [জাগো এফ এম: ১০]

গত ২৪ ঘণ্টায় হামে একজনের মৃত্যু এবং উপসর্গ নিয়ে আরও ৬ জনসহ মোট ৭ শিশুর মৃত্যু হয়েছে। [রে. টুডে: ১৮]

এমভি হন্ডিয়াস জাহাজে হান্টাভাইরাসে তিনজনের মৃত্যু ও কয়েকজন আক্রান্ত হওয়ার ঘটনায় আন্তর্জাতিকভাবে উদ্বেগ তৈরি হয়েছে। ডব্লিউএইচও বলছে, এটি মানুষের জন্য বর্তমানে ঝুঁকি কম। [বিবিসি: ০৬]

জাতিসংঘ ফোরামে বাংলাদেশ নিরাপদ, নিয়মিত ও ন্যায়ভিত্তিক অভিবাসন নিশ্চিত করতে বৈশ্বিক সহযোগিতা বাড়ানোর আহ্বান জানিয়েছে। [রে. টুডে: ১৭]

বাংলাদেশ ও পাকিস্তান মাদক নিয়ন্ত্রণে ১০ বছরের একটি সমঝোতা স্মারক সই করেছে, যার আওতায় মাদক পাচার রোধে দুই দেশ তথ্য ও কারিগরি সহায়তা বিনিময় করবে। [রে. টুডে: ১২]

ঢাকায় এআইচালিত ক্যামেরার মাধ্যমে ট্রাফিক আইন লঙ্ঘন শনাক্ত করে স্বয়ংক্রিয়ভাবে ব্যবস্থা নেওয়া হচ্ছে, যার ফলে সড়কে শৃঙ্খলা ও সচেতনতা বাড়ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। [রে. টুডে: ১৮]

মার্কিন বাণিজ্য আদালত রায় দিয়েছে যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপ করা ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক অবৈধ, কারণ এটি ক্ষমতার সীমা লঙ্ঘন করে আরোপ করা হয়েছিল। [এনএইচকে:০৮]

# বিবিসি

## বিতর্কিত মামলায় কারাগারে স্কুল শিক্ষার্থীরা, ছাত্রলীগ সম্পৃক্ততার অভিযোগ

"সবাই থানায় গিয়ে বললো যে, ও তো ছোট মানুষ। ওকে ছেড়ে দিন। পরেরদিন টেস্ট পরীক্ষা, সেটাও বলা হলো। কিন্তু থানার ওসি বললো যে, না ছাড়া যাবে না।" গত বছর অক্টোবরে পুলিশের হাতে আটক হওয়ার পর থানার অভিজ্ঞতা বলছিলেন ষোল বছরের কিশোর কাওসার হোসেন (ছদ্মনাম)। কাওসার হোসেনের বাবা কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের স্থানীয় নেতা। বাবা-ছেলে দু-জনেই সন্ত্রাস বিরোধী আইনে মামলার আসামি হওয়ায় পলাতক ছিলেন। "আমি গ্রামে ফিরে আসি নানুর বাড়িতে। কারণ টেস্ট পরীক্ষা শুরু হবে। টেস্ট পরীক্ষা না দিলে তো এসএসসি পরীক্ষা দিতে পারবো না। ভেবেছিলাম, হয়ত পালিয়ে পালিয়ে পরীক্ষাটা দিতে পারবো। কিন্তু প্রথম পরীক্ষার রাতেই পুলিশ নানু বাড়ি থেকে আমাকে ধরে নিয়ে যায় " বলেন কাওসার হোসেন। কাওসার পরে কারাগার থেকে ছাড়া পেয়েছিলেন। তবে, সেটা চার মাসেরও বেশি সময় পর, এসএসসি পরীক্ষার মাত্র একদিন আগে। তার সহপাঠীরা এখন পরীক্ষার মধ্যে থাকলেও কাওসার পরীক্ষায় বসতে পারছেন না। তিনি বলেন, "আমি জেলখানায় বসে জানুয়ারি মাসে কোর্টে আবেদন করি। কিন্তু কোর্ট বলেছে যে, টেস্ট পরীক্ষা না দিলে এসএসসির ফরম ফিলআপ করা যাবে না। আমার স্কুলেও যোগাযোগ করা হয়। তারাও বলে টেস্ট পরীক্ষা ছাড়া এসএসসি দেওয়া যায় না। কিন্তু টেস্ট পরীক্ষা আমি কীভাবে দেবো? আমি তো জেলহাজতে ছিলাম!"

বাংলাদেশে সম্প্রতি নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে কাওসারের মতো স্কুল শিক্ষার্থী গ্রেফতার এবং মাধ্যমিক পরীক্ষায় বসতে না পারার কয়েকটি ঘটনা সামনে এসেছে। বিশেষ ক্ষমতা আইন, সন্ত্রাসবিরোধী আইনের মতো বিতর্কিত আইনের বিভিন্ন ধারায় আটক এসব কিশোরদের অনেকে জামিনও পাচ্ছে না। আঠারো বছরের নিচে যাদের বয়স, এমন কিশোরদের গ্রেফতার কিংবা জামিন পেতে বিলম্ব হওয়ার ঘটনায় উদ্বেগ জানাচ্ছেন মানবাধিকারকর্মীদের অনেকেই। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ওমর ফারুক বিবিসি বাংলাকে বলেন, আইন অনুযায়ী মহিলা, বৃদ্ধ, শিশু কিংবা অসুস্থ থাকলে তাদের জামিন অযোগ্য ধারায় মামলা হলেও জামিন দিতে পারবে। কিন্তু এর ব্যত্যয় করা হচ্ছে। তিনি বলেন, "ধরেন আমার ছেলে যদি হয় ষোলো বছর বয়স। তার তো বিবেক-বুদ্ধি এখনও ডেভেলপ করে নাই। সে একটা মিছিলে যদি সত্যিই গিয়ে থাকে, তাকে কি আপনি আট মাস কারাগারে রেখে দেবেন?"

### 'রাস্তা থেকে ধরে নিয়ে' রাজনৈতিক মামলার অভিযোগ পরিবারের

এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল নাইম হাসানের (ছদ্মনাম)। তবে ক্লাস টেনে থাকাকালীন সময়ে তিনি গত বছর ছাত্রলীগের একটি ঝটিকা মিছিলে অংশ নেন। সেই ছবি দেখে পরে তাকে শনাক্ত করে পুলিশ। সন্ত্রাসবিরোধী আইনের মামলায় তার নাম ওঠে। তারপর একদিন বাসা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে। "আমি তখন টেস্ট পরীক্ষার প্রস্তুতি নিচ্ছিলাম। আমি যে মামলার আসামি, সেটা আবার পরিবার জানে না। এর মধ্যেই পুলিশ ধরে নিলো," বলেন নাইম হাসান। গ্রেফতারের পর স্কুলশিক্ষার্থী হওয়ায় নাইমকে রাখা হয় গাজীপুরের টঙ্গিতে শিশু উন্নয়ন কেন্দ্রে। এর কিছুদিন পরই শুরু হয় টেস্ট পরীক্ষা। নাইম হাসান যেখানে অংশ নিতে পারেননি। "আমি কারাগারে ছিলাম চব্বিশ দিন। কয়েকবার শুনানি হয়েছে কিন্তু জামিন হয় নাই। শেষ পর্যন্ত স্কুল থেকে প্রত্যয়নপত্র, প্রমাণপত্র ইত্যাদি জোগাড় করে যখন দেওয়া হইছে, ততদিন আমার টেস্ট পরীক্ষা প্রায় শেষ। ফলে জামিন পেলেও আর পরীক্ষা দেওয়া সম্ভব হয়নি।" নাইম হাসানের দাবি, সন্ত্রাসবিরোধী আইনের মামলা না হলে হয়ত আগেই জামিন পেতেন তিনি। "যেহেতু সন্ত্রাসবিরোধী মামলা, নিষিদ্ধ সংগঠনের সঙ্গে সম্পৃক্ততার মামলা, সে কারণে উপর থেকেই একটু চাপ দেওয়া হয় যে, জামিন দ্রুত না নিতে পারি।" নাইম হাসান এখন নতুন করে ক্লাস টেনে ভর্তি হয়েছেন। প্রস্তুতি নিচ্ছেন আগামী বছর এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার।

তবে আওয়ামী লীগ বা ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত নয়, এমন কিশোরদেরও কেউ কেউ রাজনৈতিক মামলায় আটক হয়ে দিনের পর দিন কারাগারে আছেন, এরকম অভিযোগও আছে। এরকমই একটি পরিবারের সঙ্গে কথা হয় গত বুধবার। "আমার ছেলেকে রাস্তা থেকে ধরে নিয়ে গেছে ডিবি পুলিশ। রাস্তায় নাকি মিছিল হয়েছিল কিন্তু আমার ছেলে তো সেটা জানে না। মিছিলের পর এসে তাকে পেয়ে ধরে নিয়েছে। রাজনৈতিক মামলায় ঢোকায় দিয়েছে। আমার ছেলে যদি রাজনীতি করত, তাহলে তো জানতাম। তার মোবাইলে সার্চ করেও সন্দেহজনক কিছু পায় নাই। পরে মোবাইলও ফেরত দিয়েছে থানা থেকে," বলেন রাজিয়া বেগম (ছদ্মনাম)। যার ছেলে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় রাস্তা থেকে গ্রেফতার হন আট মাস আগে। কিন্তু দফায় দফায় চেষ্টা করেও জামিন হয়নি। পরিবারটির আতঙ্ক এমন অবস্থায় পৌঁছেছে যে, নিজেদের পরিচয়ও প্রকাশ করতে চায় না। "আমার ছেলে আমাকে ছাড়া কোথাও এক রাত থাকেনি। 'ও' এমনিতেই একটু বোকা ধরনের। যখনই দেখা করতে গেছি, শুধু কান্নাকাটি করে বলে, কখন জামিন হবে। আট মাস তো হয়েই গেলো! আমারতো আর সেই সামর্থ্য নাই যে, আজকে (কারাগারে) ঢুকেছে আর কালকে বের করে নিয়ে আসবো।" হতাশ কণ্ঠে বলেন রাজিয়া বেগম।

বিবিসি বাংলার খবর পেতে গুগল নিউজ চ্যানেল অনুসরণ করুন।

### শিশু কারাগারে 'বিতর্কিত আইনে' ৫৭ শিশু-কিশোর

কাওসার এবং নাইম হাসান এসএসসি পরীক্ষা দিতে না পারলেও, জেল থেকে ছাড়া পেয়েছেন। তারা দু-জনেই আটক ছিলেন শিশু উন্নয়ন কেন্দ্রে, যেখানে আঠারো বছরের কম বয়সি আসামিদের রাখা হয়। গাজীপুরের টঙ্গিতে এই শিশু উন্নয়ন কেন্দ্র স্থানীয়ভাবে শিশু কারাগার হিসেবেও পরিচিত। কাওসার এবং নাইম হাসানের সূত্র ধরে এই শিশু উন্নয়ন কেন্দ্রে খোঁজ নিয়ে তাদের মতোই এ রকম বহু শিক্ষার্থী কিংবা কিশোরের খোঁজ পাওয়া যায়, যারা রাজনৈতিক কারণে বিভিন্ন মামলায় আটক হয়ে আছেন। এদের কেউ জামিন পেয়েছেন, আবার অনেকেই জামিন পাচ্ছেন না। মূলত, আওয়ামী লীগ কিংবা ছাত্রলীগের মিছিলে যাওয়া, নিষিদ্ধ সংগঠনের সঙ্গে সংশ্লিষ্টতার মতো নানা অভিযোগে তারা আটক হয়েছে। মামলার ক্ষেত্রে আবার কয়েকটি আইনের ব্যবহার দেখা যায়। সন্ত্রাসবিরোধী আইন, বিশেষ ক্ষমতা আইন, আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন এবং বিস্ফোরক দ্রব্য আইন। শিশু উন্নয়ন কেন্দ্রের বিভিন্ন তথ্য ঘেঁটে দেখা গেছে, চলতি মে মাসের প্রথম পাঁচদিনে এই ৪টি আইনে গ্রেফতারের সংখ্যা ৫৭ জন। বিভিন্ন সূত্রগুলো জানাচ্ছে, যাদের একটা বড়ো অংশই ছাত্রলীগ কিংবা আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত অর্থাৎ রাজনীতি সংশ্লিষ্ট।

সাম্প্রতিক দিনগুলোতে বিভিন্ন স্থানে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ঝটিকা মিছিলের খবর পাওয়া যায়। এসব মিছিল থেকে কিংবা মিছিলে সন্দেহভাজন অংশগ্রহণকারী হিসেবেই অনেকেই আটক হয়েছেন। আটকদের মধ্যে যাদের বয়স আঠারো বছরের নিচে, তাদেরকে শিশু উন্নয়ন কেন্দ্রে রাখা হয়েছে। এছাড়া, চলতি বছরের জানুয়ারি থেকে ৫ মে পর্যন্ত পরিসংখ্যানে দেখা যায়, সন্ত্রাসবিরোধীসহ ৪টি আইনের অধীনে গ্রেফতারের পর শিশু উন্নয়ন কেন্দ্রে আনা হয়েছে ১২৮ জনকে। এইসব কিশোরদের মধ্যে কেউ কেউ জামিন পেয়েছেন, আবার কেউ কেউ জামিন না পেয়ে আটক আছেন। রাজিয়া বেগম জানিয়েছেন, তার ছেলে আট মাস ধরে কারাগারে। নিম্ন আদালতে জামিন না হওয়ায় এখন তিনি উচ্চ আদালতে জামিনের চেষ্টা করছেন।

**সমালোচনা কেন হচ্ছে?**

বাংলাদেশে সাম্প্রতিককালে নিষিদ্ধ ছাত্রলীগের নানারকম ঝটিকা মিছিলের খবর প্রকাশিত হয়েছে। এসব মিছিলকে ঘিরে আটকের ঘটনাও আছে। দেখা যাচ্ছে, এসব আটকের সময় বিশেষ ক্ষমতা আইন, দ্রুত বিচার কিংবা সন্ত্রাস দমন আইনের এমন সব ধারায় মামলা দেওয়া হচ্ছে, যেগুলো জামিন অযোগ্য। তবে শিশু-কিশোরদের জামিনের সুযোগ থাকলেও অনেক সময়ই সেটা হচ্ছে না। মানবাধিকার আইনজীবীদের অনেকেই যার সমালোচনা করছেন। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ওমর ফারুক বিবিসি বাংলাকে বলেন, আইন অনুযায়ী মহিলা, বৃদ্ধ, শিশু কিংবা অসুস্থ থাকলে, তাদের জামিন অযোগ্য ধারায় মামলা হলেও জামিন দিতে পারবে। কিন্তু এর ব্যত্যয় করা হচ্ছে। "ধরেন, আমার ছেলে যদি হয় ষোলো বছর বয়স। তার তো বিবেক-বুদ্ধি এখনও ডেভেলপ করে নাই। সে একটা মিছিলে যদি সত্যিই গিয়ে থাকে, তাকে কি আপনি আট মাস কারাগারে রেখে দেবেন?" মি. ফারুক বলেন, শিশুদের ক্ষেত্রে পুলিশ হোক, আইনজীবী হোক, আদালত হোক- সবখানেই সতর্কতার সঙ্গে কাজ করা প্রয়োজন। বিশেষ করে মানবাধিকার যেন লঙ্ঘিত না হয়, সেটা দেখতে হবে।

অন্যদিকে, আইন ও সালিশ কেন্দ্রের কোষাধ্যক্ষ ব্যারিস্টার নাজিয়া কবির বিবিসি বাংলাকে বলেন, ঢালাওভাবে বিশেষত যে-সব আইন বিতর্কিত, সেগুলোতে গ্রেফতার করা ঠিক হচ্ছে না। গ্রেফতার হলেও জামিন যেন বিলম্ব না হয়, সেটা খেয়াল রাখতে হবে। "এরকমভাবে যদি মামলা হয়, গ্রেফতার হয়, তদন্ত চলতে থাকে। একটা বাচ্চার ব্যাপারে, যে এক/দেড় বছর ধরে জেলে। এখন সে যদি জামিনের আবেদন করে, সেটা আবার নাকচ করা হয়, তাহলে ওই বাচ্চার ভবিষ্যৎ কী?" তার মতে, এ ধরনের ক্ষেত্রে কাউকে গ্রেফতার করা হলে শুরুতেই কঠোরতা না দেখিয়ে সংশোধনের উদ্যোগ নেওয়া দরকার। "সন্ত্রাস বিরোধী আইন বা এ ধরনের আইনগুলো যদি প্রয়োগ করতে চায়, তাহলে শুরুতেই সেটা করা উচিত নয়। বরং প্রথমে তার পরিবারকে ডেকে সতর্ক করা উচিত, বোঝানো উচিত। তারপরও যদি একই অপরাধ হয়, তাহলে তো আইনে কঠোর হওয়ার সুযোগ আছেই," বলেন নাজিয়া কবির। মানবাধিকার আইনজীবীরা অভিযোগ করছেন, তাদের ভাষায়, শিশুদের ক্ষেত্রেও বিতর্কিত আইনের ঢালাও ব্যবহার হচ্ছে। কিন্তু সামগ্রিকভাবে এ ধরনের মামলা এবং শিশুদের ক্ষেত্রে আইনের প্রয়োগ নিয়ে যে-সব প্রশ্ন উঠছে, একইসঙ্গে গ্রেফতারের পর পরীক্ষা দিতে না পারার মতো যে-সব ঘটনা জানা যাচ্ছে, সেসব বিষয়ে বিবিসি বাংলার পক্ষ থেকে সরকারের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন একাধিক কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হয়। কিন্তু কোনো বক্তব্য পাওয়া যায়নি।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জের বাইরে সাতক্ষীরা যেভাবে দখল করেছে আমের বাজার

"অন্যবারের তুলনায় এবার ঝড় কম হয়েছে, পোকার সমস্যা কিছুটা ভুগিয়েছে, তবে সব মিলিয়ে ফলন ভালোই। আজকে পনেরো ক্যারেট গোবিন্দভোগ আম বাজারে দিলাম উনিশ-শো টাকা মণ করে।" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন, সাতক্ষীরার কলারোয়া এলাকার আম চাষি খান নাজমুস সাদাত। তিনি জানান, মৌসুমের শুরুতেই ধরণ ভেদে উনিশ-শো থেকে চব্বিশ-শো টাকায় আম বিক্রি হয়েছে সাতক্ষীরায়। মধুমাস হিসেবে পরিচিত জ্যৈষ্ঠ মাস শুরু না হতেই বাজারে আসতে শুরু করেছে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের সমুদ্র উপকূলবর্তী জেলা সাতক্ষীরার আম। কৃষি বিভাগের 'ম্যাংগো ক্যালেন্ডার' হিসেবে এই জেলার আম-ই সব থেকে আগে বাজারে আসছে। সাধারণত সাতক্ষীরা বললেই সুন্দরবন কিংবা দিগন্তজোড়া চিংড়ি ঘের চোখের সামনে ভেসে ওঠে। কিন্তু গত এক দশকে এই পরিচিতি

বদলে দিয়েছে এখানকার আম। গ্রীষ্মের সুস্বাদু এই ফল উৎপাদনে রাজশাহী এবং চাঁপাইনবাবগঞ্জের মতো বাংলাদেশের উত্তরাঞ্চলের জেলাগুলোর সুনাম থাকলেও, গত এক দশকে এই তালিকায় জায়গা করে নিয়েছে সাতক্ষীরাও। কৃষি গবেষকরা বলছেন, উত্তরবঙ্গের চিরাচরিত আমের সাম্রাজ্যে ভাগ বসিয়ে সাতক্ষীরা এখন দেশের আম অর্থনীতির নতুন এক উৎস।

ভালো স্বাদের পাশাপাশি মৌসুমের শুরুতে সবচেয়ে আগে সাতক্ষীরার আম বাজারে আসার বিষয়টি এক্ষেত্রে বড়ো ভূমিকা রাখছে বলেই মনে করেন তারা। সাতক্ষীরা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ বছর জেলায় আম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৭০ হাজার মেট্রিক টন। চলতি মৌসুমে সাতক্ষীরা থেকে ১০০ টন আম বিদেশে রপ্তানির লক্ষ্যমাত্রাও নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সাইফুল ইসলাম। জেলা প্রশাসনের 'ম্যাংগো ক্যালেন্ডার' অনুযায়ী এ বছর গোবিন্দভোগ আম সংগ্রহের মধ্যদিয়ে সাতক্ষীরায় আমের মৌসুম শুরু হয়েছে। এরপর হিমসাগর ও ল্যাংড়া আম বাজারে আসবে। আর জুনের শুরুতে সংগ্রহ করা হবে আম্রপালি জাতের আম। একইভাবে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলে আম পাড়া শুরু হবে আগামী ১৫ মে থেকে।

**সাতক্ষীরার আম কেন আগে বাজারে আসে?**

সাতক্ষীরা জেলা প্রশাসনের 'ম্যাংগো ক্যালেন্ডার' অনুযায়ী মঙ্গলবার (৫ মে) থেকে শুরু হয়েছে গোপালভোগ ও গোবিন্দভোগ আম সংগ্রহের কাজ। এরপর ধারাবাহিকভাবে অন্যান্য জাতের আম সংগ্রহ করা হবে। কয়েকদিনের মধ্যেই সাতক্ষীরার আম দেশের সব প্রান্তে পৌঁছে যাবে বলে জানান স্থানীয় আম ব্যবসায়ী মোহম্মদ শাহারুল ইসলাম রাজ। উত্তরবঙ্গের আম পাকতে যখন আরও সপ্তাহখানেক বাকি, তখন বৈশাখ মাস শেষ না হতেই সবার আগে কীভাবে সাতক্ষীরার আম বাজারে আসে, এমন প্রশ্ন রয়েছে অনেকের মনেই। এর পেছনে ভৌগোলিক নানা কারণ রয়েছে বলেই মনে করেন কৃষি গবেষকরা। আঞ্চলিক উদ্যান তত্ত্ব গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শরফ উদ্দিন বলছেন, "প্রতি ডিগ্রি অক্ষাংশ বৃদ্ধির জন্য আমের সংগ্রহকাল তিনদিন পিছিয়ে যায়।" তিনি বলছেন, দেশের সমুদ্র উপকূলবর্তী সাতক্ষীরা এলাকা ২২ দশমিক ৬০ ডিগ্রি অক্ষাংশে অবস্থিত এবং উত্তরের জেলা চাঁপাইনবাবগঞ্জের অবস্থান ২৪ দশমিক ৫৬ ডিগ্রি অক্ষাংশে। সেই হিসেবে প্রতি ডিগ্রি অক্ষাংশের পরিবর্তনে সাতক্ষীরা এলাকা থেকে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জে আমের সংগ্রহকাল অন্তত ছয় থেকে সাতদিন পরে শুরু হয়, যা পঞ্চগড় এলাকায় আরও কিছুটা পিছিয়ে যায়। "একই জাতের আম সাতক্ষীরায় যেটা আজকে হারভেস্ট হবে ওইসব এলাকায় অবস্থান ভেদে এক সপ্তাহ থেকে দুই সপ্তাহ পরে শুরু হবে," বিবিসি বাংলাকে বলেন মি. উদ্দিন।

বিশ্বজুড়েই আম উৎপাদনের ক্ষেত্রে এই নিয়মটি একইরকম বলে জানান এই গবেষক। অর্থাৎ অক্ষাংশ যত বাড়বে, আমের সংগ্রহকাল তত পিছিয়ে যাবে। এছাড়া আমের মুকুল আসা এবং ফোঁটার ক্ষেত্রে তাপমাত্রা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলেও জানান তিনি। বিবিসি বাংলাকে মি. উদ্দিন বলছেন, "মুকুলটা যখন আসে, তখন থেকে এটা ফুটতে অন্তত ২৫ থেকে ৩০ দিন সময় লাগে। কিন্তু যদি তাপমাত্রা বেশি হয়, তাহলে মুকুল কিছুটা আগেভাগেই ফুটে যায়। সাতক্ষীরার উপকূলবর্তী এলাকায় তাপমাত্রা বেশি থাকায় অন্য এলাকার তুলনায় আম আগেই পরিপক্ব হয়।" সাতক্ষীরার আম আগেভাগেই আমের পরিপক্বতা আসার ক্ষেত্রে মাটির লবণাক্ততাও একটি কারণ বলে মনে করেন, জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ মো. সাইফুল ইসলাম। তিনি বলছেন, কেবল আম নয়, সাতক্ষীরা এলাকায় লবণাক্ততার কারণে ধানের ক্ষেত্রেও জীবনকাল কিছুটা কম। অর্থাৎ নির্দিষ্ট সময়ের কিছুটা আগেই পরিপক্বতা লাভ করে। "ভৌগোলিক অবস্থানের কারণে সাতক্ষীরায় আমের মুকুলও আগাম আসে, পরিপক্বতাও আগাম আসে। এছাড়া মাটিতে লবণ থাকার কারণে যে-কোনো জিনিসের বয়স কমিয়ে দেয়," বিবিসি বাংলাকে বলেন তিনি।

**স্বাদে কোনো তফাৎ থাকে?**

কেমিক্যাল ব্যবহার করে আগেভাগেই ফল পাকানোর অভিযোগ বাংলাদেশে নতুন নয়। আর এ কারণেই ফল খাওয়া নিয়েও বেশ শঙ্কায় থাকেন অনেকে। বিশেষ করে, মৌসুম শুরুর দিকে কোনো ফল বাজারে দেখলে তার প্রতি এক ধরনের আস্থাহীনতাও যেমন কাজ করে, তেমনি আগেভাগেই বাজারে আসা ফল অপরিপক্ব কিনা অথবা সঠিক স্বাদ পাওয়া যাবে কিনা- এসব নিয়েও নানা প্রশ্ন থাকে অনেকের। কৃষি গবেষক ড. মো. শরফ উদ্দিন বলছেন, সাতক্ষীরার আম ভৌগোলিক অবস্থান এবং আবহাওয়াগত কারণেই অন্যান্য এলাকার তুলনায় কিছুটা আগেভাগে বাজারে আসে। এর সঙ্গে স্বাদ কম- বেশি হওয়ার কোনো সম্পর্ক নেই। "একই জাতের আম সাতক্ষীরা এবং রাজশাহী অঞ্চলে স্বাদের ক্ষেত্রে খুব বেশি পার্থক্য থাকে না, উনিশ-বিশ হতে পারে," বলেন তিনি। তবে বৃষ্টির প্রভাব কম থাকলে আমের আকারে কিছুটা প্রভাব পড়তে পারে বলেই মনে করেন এই বিশেষজ্ঞ। তিনি বলছেন, রাজশাহী বা চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলে এই সময় অধিক খরা হওয়ায়, মাটিতে রসের ঘাটতি তৈরি হয়, যার ফলে শুষ্ক আবহাওয়ায় আমের আকার কিছুটা বড়ো হয়। "এখন যে বৃষ্টি হচ্ছে, এটা আমের পরিপক্ব হওয়ার জন্য সহায়ক কিন্তু এই বৃষ্টি যদি আরও আট-দশদিন চলে, তাহলে সেটা আমের জন্য ক্ষতিকর।" আমের জাত এবং মাটির গুণ ভেদে স্বাদের কিছুটা তফাৎ তৈরি হয় বলে জানান কৃষিবিদ মো. সাইফুল ইসলাম। তিনি বলছেন, "সাতক্ষীরার হিমসাগর আর চাঁপাইনবাবগঞ্জের ক্ষীরসাপাত একই আম। কিন্তু তাপমাত্রা ও মাটিতে লবণ থাকার কারণে সাতক্ষীরার আমের মিষ্টতা কিছুটা বেশি, কারণ ড্রাই

মেটারের পরিমাণ এই আমে কিছুটা বেশি থাকে।" সাতক্ষীরার আম এখন আর শুধু দেশের অভ্যন্তরীণ বাজারেই নয়, যাচ্ছে বিদেশেও।

কৃষি কর্মকর্তাদের মতে, ফ্রুট ব্যাগিং প্রযুক্তির ব্যবহার এবং বিষমুক্ত চাষাবাদ পদ্ধতি অনুসরণের ফলে এখানকার আম এখন ইউরোপের চেইন শপগুলোতেও জায়গা করে নিয়েছে। এর ফলে এই জেলায় প্রতি বছর আম ব্যবসার পরিধি বাড়ছে। স্থানীয় আম ব্যবসায়ী মোহম্মদ শাহারুল ইসলাম রাজ জানান, লবণাক্ততা পানির কারণে কৃষিতে অনিশ্চয়তা থাকায় সাতক্ষীরার অনেক কৃষকই এখন আম চাষের দিকে ঝুঁকেছেন। জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ মো. সাইফুল ইসলাম বলছেন, চলতি মৌসুমে জেলায় চার হাজার ১৪০ হেক্টর জমিতে প্রায় ১২ হাজার ৩০০ চাষি আমের চাষ করেছেন। এ বছর অন্তত ১০০ টন আম বিদেশে রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে বলেও জানান মি. ইসলাম।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ আলী আহমেদ)

## হান্টাভাইরাস নিয়ে আমাদের দুশ্চিন্তার কারণ আছে?

বিশ্বের বিভিন্ন দেশের যাত্রীদের নিয়ে আটলান্টিক মহাসাগরে ঘুরতে বের হওয়া একটি জাহাজে হান্টাভাইরাসের প্রাদুর্ভাব এমন একটি পরিস্থিতি তৈরি করেছে, যা অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করার কথা জানিয়েছে সংশ্লিষ্ট দেশগুলো। এক মাস আগে আর্জেন্টিনা থেকে যাত্রা শুরু করা 'এমভি হন্ডিয়াস' নামের জাহাজে থাকা বা এতে ভ্রমণের পর এখন পর্যন্ত তিনজন যাত্রীর মৃত্যু হয়েছে বলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানিয়েছে। চিকিৎসার জন্য আরও চারজনকে জাহাজ থেকে সরিয়ে নেওয়া হয়েছে। ভাইরাসটির সংস্পর্শে আসতে পারেন, এমন ব্যক্তিদের চিহ্নিত করতে একটি বড়ো ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। এদের মধ্যে অনেকে যুক্তরাজ্য, দক্ষিণ আফ্রিকা, নেদারল্যান্ডস, যুক্তরাষ্ট্র এবং সুইজারল্যান্ডসহ বিভিন্ন দেশে বিমানে করে ফিরে গেছেন। স্বাস্থ্য বিশেষজ্ঞরা জোর দিয়ে বলছেন, সাধারণ জনগণের জন্য ঝুঁকি কম। তাহলে, আমাদের কতটা উদ্‌বিগ্ন হওয়া উচিত?

### কীভাবে আলোচনায় এই ভাইরাস?

বিশ্বের দক্ষিণতম শহর আর্জেন্টিনার উশুয়াইয়া থেকে এমভি হন্ডিয়াস পহেলা এপ্রিল যাত্রা শুরু করেছিল। ওশেনওয়াইড এক্সপেডিশনস পরিচালিত এই বিলাসবহুল ক্রুজটি আর্জেন্টিনা থেকে ব্রিটিশশাসিত দক্ষিণ জর্জিয়া অঞ্চলে যাওয়ার কথা ছিল। জাহাজটি এমন এক সমুদ্রযাত্রায় ছিল, যেখানে যাত্রীদের আটলান্টিকের সবচেয়ে দুর্গম ও অদেখা কিছু ভূখণ্ড অতিক্রম করে জীবনের সেরা এক ভ্রমণের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। প্রাথমিকভাবে ২৮টি দেশের প্রায় ১৫০ জন যাত্রী ও ক্রু এই জাহাজে ছিলেন বলে জানা গেছে। ভারত, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফিলিপিন্স, রাশিয়া, ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকরা ছিলেন এতে। ১১ এপ্রিল, একজন ডাচ ব্যক্তি জাহাজে মারা যান। তার মৃত্যুর কারণ অজানা ছিল। প্রায় দুই সপ্তাহ পর, ২৪ এপ্রিল তার স্ত্রীর সাথে সেন্ট হেলেনায় জাহাজ থেকে তার মরদেহ নামানো হয়। ওই নারীকে দক্ষিণ আফ্রিকায় নিয়ে যাওয়া হয়, যেখানে কর্তৃপক্ষ জানায় যে জোহানেসবার্গের একটি হাসপাতালে তিনি মারা গেছেন। এরপর বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) নিশ্চিত করেছে যে ৬৯ বছর বয়সি ওই নারী হান্টাভাইরাসে আক্রান্ত ছিলেন। এরপর, ২ মে জাহাজের যাত্রী একজন জার্মান নাগরিকও মারা যান, ফলে মোট মৃতের সংখ্যা বেড়ে তিন হয়।

বুধবার, দক্ষিণ আফ্রিকার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে যে, ভাইরাসটির অ্যান্ডিস স্ট্রেইন, যা ঘনিষ্ঠ সংস্পর্শে থাকা ব্যক্তিদের মধ্যে ছড়ানোর জন্য পরিচিত, সেটি জাহাজ থেকে দেশে সরিয়ে আনা দুইজন ব্যক্তির শরীরে শনাক্ত করা হয়েছে। জাহাজটি সেন্ট হেলেনায় নোঙর করার পর সাতজন ব্রিটিশ নাগরিকসহ ৩০ জন যাত্রীও নেমে গিয়েছিলেন। তাদের সকলের সঙ্গেই যোগাযোগ করা হয়েছে বলে জানিয়েছে হন্ডিয়াস জাহাজের অপারেটর ওশানওয়াইড এক্সপেডিশনস। তারা আরও জানিয়েছে যে, দু-জন সংক্রামক রোগ বিশেষজ্ঞ নেদারল্যান্ডস থেকে আসছেন এবং কেপ ভার্দে থেকে জাহাজটির প্রত্যাশিত যাত্রার পর সম্ভব হলে তারা জাহাজটিতে আরোহণ করবেন। পশ্চিম আফ্রিকার উপকূলবর্তী দ্বীপপুঞ্জ কেপ ভার্দের কাছে তিন দিন নোঙর করে থাকার পর, এমভি হন্ডিয়াস এখন স্পেনের ক্যানারি দ্বীপপুঞ্জের দিকে যাত্রা করছে।

### হান্টাভাইরাস কী

হান্টাভাইরাস বলতে এমন এক ধরনের ভাইরাসকে বোঝায়, যা ইঁদুর জাতীয় প্রাণীর দেহে থাকে। প্রধানত ইঁদুরের শুকনো মল থেকে বাতাসে ছড়িয়ে পড়া কণা শ্বাসের মাধ্যমে মানুষের দেহে প্রবেশ করে এই ভাইরাস সংক্রমিত হয়। যুক্তরাষ্ট্রের সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন সিডিসি)-এর মতে, সাধারণত ইঁদুরের প্রস্রাব, মল বা লালা থেকে ভাইরাসটি বাতাসে ছড়িয়ে পড়লে সংক্রমণ ঘটে। যদিও বিরল, তবুও ইঁদুরের কামড় বা আঁচড়ের মাধ্যমেও এটি ছড়াতে পারে, এই ভাইরাস দুটি গুরুতর রোগ সৃষ্টি করতে পারে। প্রথমটি হলো- হান্টাভাইরাস পালমোনারি সিনড্রোম বা এইচপিএস। এতে সাধারণত শুরুতে ক্লান্তি, জ্বর ও পেশিতে ব্যথা দেখা যায়। পরে মাথাব্যথা, মাথা ঘোরা, কাঁপুনি এবং পেটের সমস্যা দেখা দিতে পারে। সিডিসি'র মতে, শ্বাস-প্রশ্বাসজনিত উপসর্গ দেখা দিলে মৃত্যুর হার প্রায় ৩৮ শতাংশ। দ্বিতীয় রোগটি হলো হেমোরেজিক ফিভার উইথ রেনাল সিনড্রোম বা এইচএফআরএস, যা আরও গুরুতর এবং প্রধানত কিডনিকে আক্রান্ত করে। পরবর্তী উপসর্গের মধ্যে থাকতে পারে নিম্ন রক্তচাপ, অভ্যন্তরীণ রক্তক্ষরণ এবং কিডনি বিকলতা।

### বিশ্বে কী পরিমাণ মানুষ হান্টাভাইরাসে সংক্রমিত হয়?

ন্যাশনাল ইনস্টিটিউটস অব হেলথের একটি প্রতিবেদনের মতে, বিশ্বজুড়ে প্রতি বছর আনুমানিক এক লাখ ৫০ হাজার মানুষের মধ্যে হান্টাভাইরাসের গুরুতর সংক্রমণের তথ্য পাওয়া যায়, যার বড়ো অংশই ইউরোপ ও এশিয়ায়। আর এসব সংক্রমণের অর্ধেকেরও বেশি সাধারণত চীনে ঘটে। যুক্তরাষ্ট্রের সর্বশেষ তথ্য অনুযায়ী, ১৯৯৩ সালে হান্টাভাইরাস নজরদারি শুরু হওয়ার পর থেকে ২০২৩ সাল পর্যন্ত দেশটিতে মোট ৮৯০টি কেস শনাক্ত হয়েছে। তবে, হান্টাভাইরাসের একটি প্রধান ধরন সিউল ভাইরাস বহন করে নরওয়ে ইঁদুর, যা ব্রাউন র‍্যাট নামেও পরিচিত। যুক্তরাষ্ট্রসহ বিশ্বব্যাপী এই ইঁদুর দেখা যায়।

**এর চিকিৎসা কীভাবে করা হয়?**

হান্টাভাইরাস সংক্রমণের জন্য নির্দিষ্ট কোনো চিকিৎসা নেই। উপসর্গ অনুযায়ী সহায়ক চিকিৎসার পরামর্শ দেয় সিডিসি, যার মধ্যে থাকতে পারে অক্সিজেন থেরাপি, মেকানিক্যাল ভেন্টিলেশন, অ্যান্টি-ভাইরাল ঔষধ এবং এমনকি ডায়ালাইসিস। গুরুতর উপসর্গ থাকা রোগীদের আইসিইউতে ভর্তি করতে হতে পারে। মারাত্মক ক্ষেত্রে কারও কারও ইন্টিউবেশন বা কৃত্রিম শ্বাসপ্রশ্বাস প্রয়োজন হতে পারে। ভাইরাসে সংক্রমণের ঝুঁকি কমাতে সিডিসি বাড়ি বা কর্মস্থলে ইঁদুর নিয়ন্ত্রণের পরামর্শ দেয়। সংস্থাটি আরও বলেছে, যে-সব জায়গা দিয়ে ইঁদুর ঘরে ঢুকতে পারে, যেমন বেসমেন্ট বা চিলেকোঠার প্রবেশপথ বন্ধ করে দিতে হবে। ইঁদুরের মল পরিষ্কার করার সময় দূষিত বাতাস শ্বাসের মাধ্যমে শরীরে ঢোকা এড়াতে মাস্ক বা সুরক্ষামূলক পোশাক ব্যবহারেরও পরামর্শ দেওয়া হয়েছে।

**সাম্প্রতিক সময়ে হান্টাভাইরাস সংক্রমণের আর কোন ঘটনা ঘটেছে?**

২০২৫ সালের ফেব্রুয়ারিতে, অস্কারজয়ী অভিনেতা জিন হ্যাকম্যানের স্ত্রী বেটসি আরাকাওয়া হান্টাভাইরাসের সঙ্গে যুক্ত শ্বাসজনিত রোগে মারা যান। চিকিৎসা তদন্তকারীদের ধারণা, যুক্তরাষ্ট্রে সবচেয়ে সাধারণ ধরন এইচপিএস-এ আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। যে বাড়িতে তাকে পাওয়া যায়, সেখানে বাইরের অন্যান্য ঘরে ইঁদুরের বাসা ও কিছু মৃত ইঁদুর পাওয়া যায়। পুলিশের নথি অনুযায়ী, মৃত্যুর কয়েক দিন আগে আরাকাওয়া ইন্টারনেটে ফ্লু ও কোভিডের উপসর্গ সম্পর্কে তথ্য খুঁজেছিলেন।

**'মহামারির সূচনা নয়'**

এমভি হন্ডিয়াসে হান্টাভাইরাস ছড়িয়ে পড়ার ঘটনা কোনো 'মহামারির সূচনা নয়' বলে জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। সংস্থাটির সংক্রামক রোগের মহামারি বিষয়ক বিশেষজ্ঞ মারিয়া ভ্যান কেরখোভে এক সংবাদ সম্মেলনে বলেছেন, ছয় বছর আগে কোভিড-১৯ পরিস্থিতি আর এটি এক নয়, কারণ হান্টাভাইরাস ছড়ায় "ঘনিষ্ঠ, অন্তরঙ্গ সংস্পর্শের" মাধ্যমে। স্বাস্থ্য কর্তৃপক্ষ ডাচ জাহাজ এমভি হন্ডিয়াস থেকে সম্প্রতি নেমে যাওয়া কয়েক ডজন মানুষকে শনাক্ত করতে তৎপরতা চালাচ্ছে। সাধারণত হান্টাভাইরাস ইঁদুরজাতীয় প্রাণী থেকে মানুষের মধ্যে ছড়ালেও সাম্প্রতিক এই প্রাদুর্ভাবে মানুষ থেকে মানুষের মধ্যে সংক্রমণের ঘটনা প্রথমবারের মতো নথিভুক্ত হয়েছে বলে ডব্লিউএইচও জানিয়েছে। সংস্থাটি বলছে, হামের মতো অত্যন্ত সংক্রামক ও সহজে ছড়িয়ে পড়া রোগের বিপরীতে, এই প্রাদুর্ভাবের জন্য দায়ী হান্টাভাইরাসের অ্যান্ডিস স্ট্রেইনটি ততটা সংক্রামক নয়। মানুষ থেকে মানুষে সংক্রমণ সম্ভব হলেও বিশ্বব্যাপী সংক্রমণের ঝুঁকি কম রয়েছে বলেও তারা জানিয়েছে। বৃহস্পতিবারের ব্রিফিংয়ে ভ্যান কেরখোভে বলেন, "এটি কোভিড নয়, এটি ইনফ্লুয়েঞ্জা নয়- এটি একেবারেই ভিন্নভাবে ছড়ায়।" তিনি জানান, এমভি হন্ডিয়াসে "সবার জন্য মাস্ক পরা বাধ্যতামূলক" করার অনুরোধ জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। তিনি আরও বলেন, সন্দেহভাজন রোগীদের সংস্পর্শে থাকা বা তাদের দেখ-ভাল করছেন এমন ব্যক্তিদের "উচ্চ মাত্রার ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম" ব্যবহার করা উচিত। একই ব্রিফিংয়ে ডব্লিউএইচওর মহাপরিচালক টেড্রোস ঘেব্রেইয়েসুস বলেন, তার সংস্থা "সামগ্রিকভাবে জনস্বাস্থ্যের ঝুঁকি কম বলে মূল্যায়ন করেছে।" তিনি বলেন, নিশ্চিত হওয়া প্রথম দুই আক্রান্ত ব্যক্তি "আর্জেন্টিনা, চিলি এবং উরুগুয়ে সফর করেছিলেন। তারা পাখি দেখতে বেরিয়েছিলেন এবং এমন সব স্থানে তারা গিয়েছিলেন, যেখানে ভাইরাস বহনকারী হিসেবে পরিচিত ইঁদুরের প্রজাতি উপস্থিত ছিল।" ডা. টেড্রোস জানান, যাদের উপসর্গ রয়েছে এবং যারা যাত্রীদের সংস্পর্শে এসে থাকতে পারেন- এমন আরও কিছু মানুষের খবর ডব্লিউএইচওর জানা আছে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে। তিনি বলেন, এই রোগের ইনকিউবেশন সময়, যা ছয় সপ্তাহ পর্যন্ত হতে পারে বিবেচনায় নিয়ে আরও সংক্রমণের ঘটনা সামনে আসতে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## একটি গোষ্ঠী নানাভাবে বাংলাদেশকে অস্থির করে রাখতে চায় : মির্জা ফখরুল

বাংলাদেশের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "আমাদের দেশে একটা হতাশাবাদী গোষ্ঠী আছে, তারা সারাক্ষণ হতাশ হয়ে যায়। তারা বিভিন্নভাবে সমাজকে অস্থির করে রাখতে চায়। তারা ছোটো-খাটো ইস্যু নিয়ে গোলযোগ সৃষ্টি করতে চাইছে। এদের থেকে সাবধান থাকতে হবে। আমরা কেউ চাই না, দেশে আর কোনো গোলযোগ হোক।" আজ শুক্রবার দুপুর ১২টার দিকে রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে নওগাঁর আত্রাই উপজেলার পতিসরে রবীন্দ্র কাছারি বাড়িতে আলোচনা সভায় মির্জা ফখরুল এ কথা বলেন। সংস্কৃতি মন্ত্রণালয় ও নওগাঁ জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি ছিলেন। মির্জা ফখরুল বলেন,

"জুলাইয়ে আমাদের সন্তানেরা সবাই মিলে যে লড়াইটা করল, আমরা একে বলি জুলাই যুদ্ধ। পরিবর্তন এসেছে, নতুন নির্বাচন হয়েছে। মানুষ নতুন সরকারের প্রতি আশা নিয়ে আছে। যারা ফ্যাসিস্ট ছিল, তারা দেশটাকে ধ্বংসের দিকে নিয়ে গেছে। অর্থনীতিকে বিদেশে লুটপাট করে নিয়ে গেছে। ব্যাংকগুলোকে লুটপাট করেছে। প্রশাসনকে ধ্বংস করে দিয়েছে। এর বিরুদ্ধে লড়ায় করেই আমরা আজ এই অবস্থাতে এসেছি। অনেকেই চেষ্টা করছে, এই পরিবর্তনকে ভিন্ন খাতে প্রবাহিত করতে।"

শত বছর পরও রবীন্দ্রনাথ প্রাসঙ্গিক উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, "রবীন্দ্রনাথ আজ থেকে শত বছর আগে যে ভাবনা ও উদ্যোগ নিয়েছিলেন, আমরা আজ সেগুলো নিয়ে ভাবছি। বিশ্বকবি আজও প্রাসঙ্গিক। রবীন্দ্রনাথ পতিসরে যখন আসতেন, তিনি কৃষকদের দুঃখ-দুর্দশা দেখে ব্যাংক স্থাপন করেছিলেন। কৃষিকে আধুনিক করার জন্য আধুনিক পদ্ধতিতে কৃষিকাজ শুরু করেছিলেন। যে মানুষ সাহিত্য চর্চা করে, কবিতা শোনে, কবিতা লিখে অথবা যে মানুষটি গান শোনে, গান গায়, সে নিঃসন্দেহে ভালো মানুষ হয়। তাই ভালো মানুষ হতে হলে আমাদের সাহিত্যচর্চা করতে হবে।"

ফখরুল ইসলাম আলমগীর বলেন, "আমরা রাজনীতি করি, সারা জীবন রাজনীতির মধ্যে কাটিয়ে দিয়েছি। আমাদের রাজনীতি সুন্দর না, পরিচ্ছন্ন না। বারবার এখানে মানুষেরা পরিবর্তনের জন্য লড়াই করেছে, প্রাণ দিয়েছে, পরিবর্তন আনার চেষ্টা করেছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে পরিবর্তন আসেনি। আমি শুধু বলতে চাই, আমাদের যে মূল জায়গাটা **১৯৭১** সালের স্বাধীনতাযুদ্ধ, আমাদের যে স্বকীয়তা, আমাদের যে স্বতন্ত্র পরিচয় যে আমরা বাংলাদেশি, এই কথা আমাদের সবার আগে মনে রাখতে হবে। আমরা এমনি এমনি স্বাধীনতা পাইনি। ৯ মাস যুদ্ধ করেছি। এই যুদ্ধ করেই আমরা স্বাধীনতা নিয়ে এসেছি। আবার গণতন্ত্র ফিরে পেয়েছি লড়াই করেই।"

(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ নারগীস)

## পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হচ্ছেন শুভেন্দু অধিকারী : তামিলনাড়ুতে সরকার গড়ছে টিভিকে

ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হচ্ছেন শুভেন্দু অধিকারী। তার নামটিই বেশি আলোচনায় ছিল। আজ শুক্রবার রাজ্য বিজেপির বিধায়কদের বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে। বিজেপির ২০৭ জন জয়ী প্রার্থীর সঙ্গে বৈঠক করে শুভেন্দু অধিকারীকেই পশ্চিমবঙ্গ বিধানসভার পরিষদীয় দলনেতা বেছে নিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিধায়কদের সঙ্গে বৈঠকের পর অমিত শাহ সাংবাদিকদের বলেন, "পরিষদীয় দলনেতা নির্বাচনের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। আটটি প্রস্তাব এসেছিল। সব প্রস্তাবে একটিই নাম ছিল। দ্বিতীয় নামের জন্য পর্যাপ্ত সময় দেওয়া হয়েছিল। কিন্তু কোনো দ্বিতীয় নাম আসেনি। তাই শুভেন্দু অধিকারীকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে ঘোষণা করছি।" এবার বিধানসভা নির্বাচনে কলকাতার ভবানীপুর আসনে বিদায়ি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে **১৫** হাজারের বেশি ভোটে হারান শুভেন্দু। আবার আরেকটি আসন নন্দীগ্রামেও জয়লাভ করেন তিনি। এর আগে, ২০২১ সালের বিধানসভা নির্বাচনে শুভেন্দু অধিকারী নন্দীগ্রাম থেকে মমতা বন্দ্যোপাধ্যাকে হারান **১৯৫৬** ভোটে। নিজের ঘরের মাঠে মমতাকে হারানোর পর এবার মমতার পাড়ায় এসে তাঁকে চ্যালেঞ্জ করেছিলেন শুভেন্দু।

### 'থালাপতি বিজয়, কংগ্রেস–বামদের সমর্থনে সরকার গঠন করছে টিভিকে

এদিকে, ভারতের দক্ষিণাঞ্চলের রাজ্য তামিলনাড়ুতে সরকার গঠন করছে থালাপতি বিজয়ের দল তামিলাগা ভেটরি কাজাগাম  বা টিভিকে। কংগ্রেস, স্থানীয় দল ভিসিকে ও বামপন্থিদের দুই দল সিপিআই ও সিপিএমের সমর্থন নিয়ে সরকার গঠন করছে তারা। আজ শুক্রবার বিকেলে দলগুলো টিভিকেকে সমর্থন জানিয়েছে। এর মধ্য দিয়ে গত চারদিন ধরে তামিলনাড়ুতে সরকার গঠন নিয়ে চলা অচলাবস্থার অবসান ঘটেছে। গত সোমবার বিধানসভা নির্বাচনের ফল ঘোষণায় তামিলনাড়ুতে সবচেয়ে বেশি আসন পায় চিত্রনায়ক থেকে রাজনীতিতে এসে চমক দেখানো থালাপতি বিজয়ের দল টিভিকে। তারা পায় ১০৭টি আসন। কিন্তু ২৩৪ আসনের বিধানসভায় সরকার গঠনের জন্য প্রয়োজন ছিল **১১৮**টি আসন। তামিলনাড়ুতে প্রভাবশালী দুই দল ডিএমকে ও এআইএডিএমকে নিজেদের মধ্যে বিভেদ ঘুচিয়ে জোটবদ্ধ হয়ে সরকার গঠনের আলোচনা শুরু করে। কিন্তু শেষ পর্যন্ত থালাপতি বিজয়ই শেষ হাঁসি হাসছেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ নারগীস)

# এনএইচকে

## ট্রাম্পের ১০ শতাংশ বৈশ্বিক শুল্ককে অবৈধ ঘোষণা মার্কিন বাণিজ্য আদালতের

যুক্তরাষ্ট্রের একটি বাণিজ্য আদালত রায় দিয়েছে যে, গত ফেব্রুয়ারি মাসে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপ করা **১০** শতাংশ বৈশ্বিক শুল্ক অবৈধ। মার্কিন আন্তর্জাতিক বাণিজ্য আদালত বৃহস্পতিবার এই রায় দিয়েছে। ট্রাম্প প্রশাসন বাণিজ্য আইনের **১২২** ধারা ব্যবহার করে বহু দেশ ও অঞ্চলের ওপর এই শুল্ক আরোপ করেছিল। ফেব্রুয়ারিতে সুপ্রিম কোর্ট ট্রাম্পের ব্যাপক বৈশ্বিক শুল্ক বাতিল করে দেওয়ার পর, বিকল্প ব্যবস্থা হিসেবে এই শুল্ক চালু করা হয়েছিল। সর্বোচ্চ আদালত রায় দেয় যে, ব্যাপক শুল্ক আরোপের ক্ষেত্রে ট্রাম্প আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন বা আইইইপিএ প্রয়োগ করে তার ক্ষমতার সীমা অতিক্রম করেছেন, যার মধ্যে তার ভাষায় পাল্টা শুল্কও রয়েছে। উল্লেখ্য, **১২২** ধারা অনুযায়ী "বৃহৎ ও গুরুতর" বৈদেশিক লেনদেনের ঘাটতি মোকাবিলায় একজন প্রেসিডেন্ট সর্বোচ্চ **১৫০**

দিনের জন্য ১৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করতে পারেন। বাদীপক্ষ যুক্তি দিয়েছিল যে, ট্রাম্প ১২২ ধারা প্রয়োগের জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ করেননি। (এনএইচকে ওয়েব পেজ: ০৮.০৫,২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ঢাকায় এক মাসে ডিমের দাম অনেকটা বেড়েছে

ঢাকায় ডিমের দাম এক মাসে প্রতি ডজনে ৩০ থেকে ৪০ টাকা বাড়লো। গত এক সপ্তাহে প্রতি ডজন ডিমের দাম বেড়েছে ১০ টাকা। ডিম ছাড়াও বাজারে বাড়তি রয়েছে সবজি, বিভিন্ন ধরনের মাছ, মুরগি ও মাংসের দাম। বিক্রেতারা জানিয়েছেন, সাম্প্রতিক বৃষ্টির কারণে বাজারে সবজির সরবরাহ কমেছে। এ সময়ে বেড়েছে ডিমের চাহিদা। সেই সঙ্গে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধিরও প্রভাব পড়েছে এসব পণ্যের দামে। বৃহস্পতিবার রাজধানীর মোহাম্মদপুর কৃষি মার্কেট, টাউন হল বাজার ও কারওয়ান বাজারে খোঁজ নিয়ে এই তথ্য জানা গেছে। সরেজমিনে দেখা গেছে, গতকাল রাজধানীর তিনটি বাজারে ফার্মের মুরগির বাদামি রঙের প্রতি ডজন ডিম ১৪০ টাকায় বিক্রি হয়েছে। পাড়া-মহল্লার দোকানে এই ডিম বিক্রি হয়েছে ১৪৫ টাকা দরে। আর ফার্মের মুরগির সাদা রঙের ডিম বিক্রি হয়েছে ১৩০ টাকায়।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৫ ২০২৬ রনি)

### সমালোচনার মুখে বিএনপি নেতাসহ সচ্ছল চারজনের দুঃস্থদের ত্রাণ ফেরত

লালমনিরহাটের আদিতমারীতে দুঃস্থদের জন্য বরাদ্দ ত্রাণের টিন ও অনুদানের টাকা নেন বিএনপির এক নেতাসহ সচ্ছল পরিবারের চারজন। এ বিষয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনা হওয়ার পর, প্রশাসনের নির্দেশনায় তারা সেগুলো ফেরত দিয়েছেন। ত্রাণের টিন ও টাকা ফেরত দেওয়া চারজন হলেন- উপজেলার ভাদাই ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি দধি প্রসাদ বর্মন, একই ইউনিয়নের দেবেন্দ্রনাথ রায়ের ছেলে শংকর কুমার রায়, মৃত আবদুস সামাদের ছেলে শামসুল হক এবং নৃপেন্দ্র নাথ রায়ের মেয়ে গোলাপী রানী। স্থানীয় সূত্রে জানা যায়, ওই চারজনের মধ্যে দধি প্রসাদ বর্মনের ছাদের বাড়ি আছে। শংকর কুমার রায়ের টিনশেড আধা পাকা দালান এবং অন্যরাও সচ্ছল পরিবারের সদস্য। আদিতমারী উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় সূত্র জানায়, কালবৈশাখি ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য বরাদ্দ ত্রাণসহায়তা পেতে লালমনিরহাট-২ (আদিতমারী-কালীগঞ্জ) আসনের সংসদ সদস্য রোকন উদ্দিনের (বাবুল) কাছে লিখিত আবেদন করেন ওই চারজন। পরে প্রাথমিক যাচাই-বাছাই শেষে তাদের নাম তালিকাভুক্ত করা হয়। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) এনামুল হক বলেন, বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্নভাবে নজরে এলে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়। পরে অভিযুক্ত ব্যক্তিরা টিন ও অনুদানের টাকা ফেরত দেওয়ায়, তাদের বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, তবে সতর্ক করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৫ ২০২৬ রনি)

## জাগো নিউজ

### শাপলা চত্বরের ঘটনা ‘গণহত্যা’ হিসেবে প্রথম চিহ্নিত করে বিএনপি : তথ্যমন্ত্রী

শাপলা চত্বরের ঘটনাকে ‘গণহত্যা’ হিসেবে প্রথম আনুষ্ঠানিকভাবে বিএনপি চিহ্নিত করেছিল বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন। শুক্রবার (৮ মে) বিকেলে জাতীয় জাদুঘরে শাপলা স্মৃতি সংসদ আয়োজিত ‘শাপলার স্মৃতি শহীদগাঁথা’ শীর্ষক আলোচনা সভায় এ কথা বলেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, তৎকালীন সরকার ও তাদের সমর্থিত গণমাধ্যম ঘটনাটিকে ভিন্ন খাতে প্রবাহিত করতে বিকৃত তথ্য প্রচার করেছিল। পাশাপাশি বিএনপি নেতাদের বিরুদ্ধে মামলা দিয়ে রাজনৈতিকভাবে দমন-পীড়ন চালানো হয়েছে। ফলেই দেশে ফ্যাসিবাদবিরোধী ঐক্য গড়ে ওঠে এবং শেষ পর্যন্ত রাজনৈতিক পরিবর্তন ঘটে। তিনি বলেন, বর্তমান সরকার জাতীয় সংসদে শাপলা ও জুলাই অভ্যুত্থানের শহিদদের আনুষ্ঠানিকভাবে সম্মান জানিয়েছে এবং অতীতের কোনো অন্যায় বা মানবতাবিরোধী ঘটনাকে তামাদি হতে দেওয়া হবে না। জাতীয় ঐক্য, ধর্মীয় মূল্যবোধ এবং দেশের সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে সব পক্ষকে একসঙ্গে থাকার আহ্বান জানান তিনি।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

### জিয়া-খালেদার কবরে শ্রদ্ধা পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর

শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীরউত্তম ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবরে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেছেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন রাজা নাকভী। শুক্রবার (৮ মে) বিকেলে রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে গিয়ে তাদের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। পরে কবর জিয়ারত শেষে ফাতেহা পাঠ করেন। এ সময় বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দারসহ অন্যরা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

### স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডনে যাচ্ছেন রাষ্ট্রপতি

স্বাস্থ্য পরীক্ষার জন্য আগামীকাল (শনিবার) যুক্তরাজ্য যাচ্ছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। অস্ত্রোপচারের ফলো-আপ হিসেবে চিকিৎসকের পরামর্শে কেমব্রিজের এক বিশেষায়িত হাসপাতালে রাষ্ট্রপতির স্বাস্থ্য পরীক্ষা করা হবে। রাষ্ট্রপতির প্রেস উইংয়ের বরাত দিয়ে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) জানায়, রাষ্ট্রপতিকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি বাণিজ্যিক ফ্লাইট শনিবার (৯ মে) সকালে লন্ডনের উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক

বিমানবন্দর ত্যাগ করবে। রাষ্ট্রপতির সহধর্মিণী ড. রেবেকা সুলতানাসহ পরিবারের সদস্য, রাষ্ট্রপতির চিকিৎসক ও বঙ্গভবনের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা এ সফরে তার সফরসঙ্গী হবেন। স্বাস্থ্য পরীক্ষা শেষে আগামী ১৮ মে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের একটি বিমানে রাষ্ট্রপতির দেশে ফেরার কথা রয়েছে। ২০২৩ সালের ১৮ অক্টোবরে সিঙ্গাপুরে মো. সাহাবুদ্দিনের কার্ডিয়াক বাইপাস সার্জারি সম্পন্ন হয়। (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## সীমান্তে উগ্রবাদী শক্তি আরও সক্রিয় হয়েছে : আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, "সামনে আধিপত্যবাদবিরোধী লড়াই আরও কঠিন হবে। সীমান্তে উগ্রবাদী শক্তি আরও সক্রিয় হয়েছে।" শুক্রবার (৮ মে) বিকেলে 'শাপলার স্মৃতি শহিদগাঁথা' শীর্ষক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। ২০১৩ সালের ৫ মে রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরের ঘটনার স্মরণে শাহবাগে জাতীয় জাদুঘরে এ অনুষ্ঠানের আয়োজন করে শাপলা স্মৃতি সংসদ। আসিফ মাহমুদ বলেন, "এমন পরিস্থিতিতে ধর্মীয় মূল্যবোধ, জনগণের আকাঙ্ক্ষা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিকভাবে ঐক্যবদ্ধ থাকতে হবে।" এনসিপির মুখপাত্র জানান, শাপলা চত্বর, মোদিবিরোধী আন্দোলন ও জুলাই গণ-অভ্যুত্থানসহ দেশের গণতান্ত্রিক আন্দোলনে আলেম-ওলামা ও মাদ্রাসার শিক্ষার্থীরা বারবার রাজপথে নেমে জীবন দিয়েছেন। তিনি বলেন, "দীর্ঘ ১২ বছর পর শাপলা ও মোদিবিরোধী আন্দোলনে শহিদদের রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া সম্ভব হয়েছে। শহিদদের স্মৃতি সংরক্ষণ না করলে ভবিষ্যতে কেউ আন্দোলনে জীবন দিতে এগিয়ে আসবে না।"
(জাগো নিউজ ওয়েব পেজঃ ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## দেড় বছরে গণমাধ্যমের ওপর যেভাবে হামলা হয়েছে, তা বিশ্বে বিরল

অন্তর্বর্তী সরকারের দেড় বছরে বাংলাদেশের গণমাধ্যম প্রতিষ্ঠানে যেভাবে হামলার ঘটনা ঘটেছে, তা পৃথিবীর ইতিহাসে বিরল বলে মন্তব্য করেছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। তিনি বলেন, ২০২৪ সালের আগস্ট পরবর্তী সময়ে বেশ কিছু ঘটনা ঘটেছে, গণমাধ্যমের ওপর হামলা হয়েছে, দুটি প্রতিষ্ঠিত গণমাধ্যম প্রতিষ্ঠানে যেভাবে আক্রমণের শিকার হয়েছে, তা পৃথিবীর ইতিহাসে বিরল। শুক্রবার (৮ মে) সকালে রাজধানীর রেডিসন ব্লু ওয়াটার গার্ডেনে দুদিনব্যাপী 'বাংলাদেশ জার্নালিজম কনফারেন্স'-এর উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। গণমাধ্যমের ওপর আক্রমণ হলেও, তৎকালীন অন্তর্বর্তী সরকারের যথাযথ ভূমিকা দেখা যায়নি উল্লেখ করে ইফতেখারুজ্জামান বলেন, সে সময় হঠাৎ করেই যে হামলা হয়েছিল, তা কিন্তু নয়। অনেকটা ঘোষণা দিয়েই আক্রমণ করা হয়। মাঠে আইন-শৃঙ্খলা বাহিনী ছিল, এমনকি সেনা সদস্যরাও ছিলেন। তারা কার্যকর পদক্ষেপ নেননি, যা অত্যন্ত দুঃখজনক। এসব ঘটনা আমাদের নেতিবাচক বার্তা দেয়।
(জাগো নিউজ ওয়েব পেজঃ০৮.০৫.২০২৬ রিহাব)

## রবীন্দ্রনাথ ঠাকুর ভারত-বাংলাদেশের সংযোগে অগ্রগণ্য প্রতীকী ব্যক্তিত্ব

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরকে ভারত ও বাংলাদেশের মধ্যে সংযোগ স্থাপনকারী সর্বাগ্রগণ্য প্রতীকী ব্যক্তিত্ব বলে উল্লেখ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। তিনি বলেন, ভারত ও বাংলাদেশের অভিন্ন শিল্প ও সাংস্কৃতিক ঐতিহ্য দুই দেশের সম্পর্কের অন্যতম ভিত্তি, যা দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে ক্রমাগত সমৃদ্ধ করে চলেছে। একইসঙ্গে তিনি সৃজনশীলতা, মানবতাবাদ ও সাংস্কৃতিক সম্প্রীতির আদর্শের মূর্ত প্রতীক হিসেবে রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে ঢাকায় ভারতীয় হাইকমিশনের ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টার (আইজিসিসি) আয়োজন করেছে ১০ দিনব্যাপী শিল্প প্রদর্শনী 'সম্প্রীতি'। বৃহস্পতিবার (৭ মে) আইজিসিসি প্রাঙ্গণে এ প্রদর্শনীর উদ্‌বোধন করা হয়। এদিন প্রদর্শনীর উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভারতীয় হাইকমিশনার এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ০৮.০৫.২০২৬ রিহাব)

## শিক্ষকরা 'সহযোগী বইয়ের' তালিকা দেবেন, গাইড বইয়ের দরকার হবে না : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, ব্যবসায়ীদের সুবিধা হলে বই বিক্রিকে শিল্প হিসাবে স্বীকৃতি দিতে বাধা নেই। বর্তমান শিক্ষাব্যবস্থা এমন দিকে ধাবিত হচ্ছে যে, নোট-গাইড আর দরকার হবে না। শিক্ষকরা যে প্রেসক্রিপশন দেন, এই নোট গাইড পড়তে হবে, এটা করা যাবে না। শিক্ষকদের সহযোগী বইয়ের তালিকা দিয়ে দিতে হবে, শিক্ষার্থীরা সেটা কিনবে। শুক্রবার (৮ মে) বেলা ১২টায় বাংলা একাডেমিতে বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রিন্টিং প্রেস খুবই সম্মানজনক ব্যবসা। আমরা যে সাশ্রয়ে বই তৈরি করি, সেটা বিশ্বের অন্য দেশ পারে না। আমাদের দেশে মোটামুটি সস্তায় বই বিক্রি হয়। আমি চাই, মুদ্রণশিল্পে একে অন্যের পরিপূরক হিসেবে কাজ করুক। আপনাদের অনুরোধ করবো, বইয়ের ব্যবসা করেন ভবিষ্যৎ প্রজন্মের জন্য। শিক্ষামন্ত্রী বই প্রকাশকদের উদ্দেশ্য বলেন, বই ছাপানোর ক্ষেত্রে যেন মানসম্মত কাগজ ব্যবহার করা হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। মন্ত্রী বলেন, খালেদা জিয়া যেভাবে শিক্ষার প্রতি আগ্রহ ও বাজেট দিয়েছেন, তা আর কেউ করেনি। বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সাহেবও তার মা-বাবার মতো শিক্ষাকে অগ্রাধিকার দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজঃ০৮.০৫.২০২৬ রিহাব)

## শিক্ষাই হবে বাংলাদেশ-চীন সম্পর্কের সেতুবন্ধন : শিক্ষামন্ত্রী

শিক্ষা খাতই বাংলাদেশ ও চীনের মধ্যে সম্পর্কের সেতুবন্ধন হবে বলে মন্তব্য করেছেন, শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, আমাদের লক্ষ্য হচ্ছে বাংলাদেশ ও চীনের মধ্যে সেতুবন্ধন আরও সুদৃঢ় করে গড়ে তোলা। সেই সেতুর মূল উপকরণ কী হবে, সেটাই হচ্ছে বড়ো প্রশ্ন। এ সেতু বন্ধনের মূল উপকরণ কংক্রিট, সিমেন্ট বা রড নয়। বরং এ সেতুবন্ধনের মূল উপাদান হবে শিক্ষা। শুক্রবার (৮ মে) রাজধানীর একটি হোটেলে সেন্টার ফর চায়না স্টাডিজ (সিসিএস) আয়োজিত 'বাংলাদেশ-চীন রাউন্ড টেবিল অন গভর্নেন্স এক্সপেরিয়েন্স এক্সচেঞ্জ' শীর্ষক সভায় এ কথা বলেন তিনি। বাংলাদেশ ও চীনের সুসম্পর্কের বিষয়ে উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক দীর্ঘদিনের। শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এ সম্পর্ক বিনির্মাণে জোর দিয়েছিলেন। এ সম্পর্কই আগামীর প্রত্যাশিত বাংলাদেশ বিনির্মাণে বিশেষ ভূমিকা রাখবে। বিশেষ করে, বাংলাদেশের শিক্ষাক্ষেত্রের উন্নয়নে চীন আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তিনি বলেন, বাংলাদেশ একটি জনবহুল দেশ। আমরা যদি এ জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করতে পারি, তাহলে দেশকে আরও উন্নত পর্যায়ে নিতে সক্ষম হবো। এজন্য আমাদের টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন খাতে গুরুত্ব দিতে হবে। দেশের বর্তমান প্রজন্মকে দক্ষ ও বৈশ্বিক মানের মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে চীনের সঙ্গে যৌথভাবে শিক্ষা ও কারিগরি খাতে সহযোগিতা আরও বাড়াতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## ইউনিক গ্রুপের নূর আলীর বিরুদ্ধে ১১৫ কোটি টাকার মানিলন্ডারিং মামলা

ইউনিক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মোহাম্মদ নূর আলী ও তার মালিকানাধীন নির্মাণ প্রতিষ্ঠান বোরাক রিয়েল এস্টেট প্রাইভেট লিমিটেডের বিরুদ্ধে ১১৫ কোটি টাকার মানিলন্ডারিংয়ের মামলা করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। রাজধানীর বনানী থানায় মানিলন্ডারিং প্রতিরোধ আইনে করা এ মামলায় ডিএনসিসি নিয়ন্ত্রিত সরকারি জমিতে 'বনানী সুপার মার্কেট কাম হাউজিং' প্রকল্পে অনিয়ম, প্রতারণা ও মানিলন্ডারিংয়ের অভিযোগ আনা হয়েছে। অনুমোদনহীন ওই ভবনে হোটেল ব্যবসা পরিচালনার মাধ্যমে অভিযুক্তরা অবৈধভাবে ১১৫ কোটি ৫৮ লাখ ২৪ হাজার ৭০৭ টাকা মানিলন্ডারিং করেছেন বলে প্রাথমিক অনুসন্ধানে তথ্য-প্রমাণ পেয়েছে সিআইডি। শুক্রবার (৮ মে) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান এ তথ্য নিশ্চিত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## হত্যা মামলার আসামিকে এসপি পদে নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে রিট

হত্যা মামলার আসামি মোহাম্মদ মাহবুব আলম খানকে ফেনীর পুলিশ সুপার (এসপি) পদে নিয়োগের বৈধতা চ্যালেঞ্জ করে রিট দায়ের করা হয়েছে। এতে তার এসপি পদের নিয়োগ বাতিল সাময়িক বরখাস্ত ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগের নিরপেক্ষ তদন্তের নির্দেশনা চাওয়া হয়েছে। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন সংযুক্ত করে জনস্বার্থে বৃহস্পতিবার (৭ মে) ন্যাশনাল ল' ইয়ার্স কাউন্সিলের চেয়ারম্যান ও সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট এস এম জুলফিকার আলী জুনু জনস্বার্থে এ রিট দায়ের করেন। রিটে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) ও ফেনীর পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মাহবুব আলম খানসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছে। রিট আবেদনে বলা হয়, মোহাম্মদ মাহবুব আলম খান আগে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) গোয়েন্দা বিভাগের (ডিবি-পশ্চিম) উপ-কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে, তিনি দীর্ঘ সময় চাঁপাইনবাবগঞ্জে অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে কর্মরত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## তৃণমূলকে চাঙা করতে বড়ো পদক্ষেপ নিচ্ছে বিএনপি

টানা দেড় যুগ বিরোধী রাজনীতির পর ক্ষমতায় আসীন বিএনপি। সরকার গঠনের পর হঠাৎই দলটির সাংগঠনিক কার্যক্রমে দেখা দিয়েছে ধীরগতি। দলের অভ্যন্তরীণ শৃঙ্খলা ও চেইন অব কমান্ডেও ঘাটতি স্পষ্ট। সে সব কাটিয়ে তৃণমূলকে চাঙা করতে দ্রুত পুনর্গঠন প্রক্রিয়ায় যেতে চাইছে দলটি। দল ও সরকারের ভাবমূর্তি রক্ষায় সাংগঠনিক শৃঙ্খলা জোরদার এবং চেইন অব কমান্ড পুনঃপ্রতিষ্ঠায় বড়ো ধরনের উদ্যোগ নিতে যাচ্ছে বর্তমান ক্ষমতাসীন দলটি। স্থানীয় পর্যায়ে অভ্যন্তরীণ দ্বন্দ্ব, সমন্বয়হীনতা এবং কিছু নেতা-কর্মীর উচ্ছৃঙ্খল আচরণে সরকার ও দলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা থেকে দলটির শীর্ষ নেতৃত্ব এখন সাংগঠনিক কাঠামো পুনর্গঠনে জোর দিচ্ছে। দলীয় একাধিক সূত্রে এমনটিই জানা গেছে। এ পরিপ্রেক্ষিতে বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান আগামী ৯ মে তৃণমূল নেতাদের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ সাংগঠনিক বৈঠকে বসতে যাচ্ছেন। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশে অনুষ্ঠেয় এ বৈঠকে সারা দেশের জেলা পর্যায়ের বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের সভাপতি এবং সাধারণ সম্পাদক পর্যায়ের নেতারা অংশ নেবেন। জাগো নিউজকে এমনটি জানিয়েছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## রাজধানীতে আরও ৪ থানার পরিকল্পনা, একটির প্রস্তাব মন্ত্রণালয়ে

রাজধানীতে আরও চারটি থানা স্থাপনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার। তিনি বলেন, এই চারটি থানার মধ্যে একটির প্রস্তাব মন্ত্রণালয় পর্যায়ে আছে। বাকি

তিনটি স্থাপনেরও কাজ চলছে। শুক্রবার (৮ মে) রাজধানীর ৩০০ ফিটে পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি-১ এলাকায় 'খিলক্ষেত পুলিশ ফাঁড়ি' উদ্‌বোধন অনুষ্ঠানে এক প্রশ্নের জবাবে ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার এ কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## মাদকপাচার রোধে বাংলাদেশ-পাকিস্তানের অঙ্গীকার

মাদকদ্রব্য ও সাইকোট্রপিক উপাদানের অবৈধ পাচার এবং অপব্যবহার রোধে বাংলাদেশ ও পাকিস্তান সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। শুক্রবার (৮ মে) রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী সৈয়দ মহসিন রাজা নাকভি নিজ নিজ দেশের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় দুই দেশ মাদকপাচার ও মাদক সংশ্লিষ্ট অর্থপাচার (মানিলন্ডারিং) প্রতিরোধে পারস্পরিক তথ্য আদান-প্রদান, কারিগরি সহায়তা এবং যৌথ কার্যক্রম পরিচালনায় সহযোগিতা করবে। পাশাপাশি মাদক অপরাধে জড়িত সন্দেহভাজন ব্যক্তি, পাচারকারী চক্র এবং নতুন পাচার কৌশল ও রুট সম্পর্কে নিয়মিত গোয়েন্দা তথ্য বিনিময় করা হবে। চুক্তির আওতায় উভয় দেশের গোয়েন্দা সংস্থাগুলো প্রয়োজন অনুযায়ী যৌথ অভিযান এবং 'কন্ট্রোলড ডেলিভারি অপারেশন' পরিচালনা করতে পারবে। এছাড়া, মাদক নিয়ন্ত্রণে নিয়োজিত কর্মকর্তাদের প্রশিক্ষণ, পুনঃপ্রশিক্ষণ এবং বৈজ্ঞানিক গবেষণার ফলাফল বিনিময়ের বিষয়েও সম্মত হয়েছে দুই দেশ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## বিশৃঙ্খল পুলিশকে অনেকাংশে গুছিয়ে আনতে সক্ষম হয়েছি : আইজিপি

বিশৃঙ্খল অবস্থায় থাকা পুলিশকে অনেকাংশে গুছিয়ে আনা গেছে বলে জানিয়েছেন, বাহিনীর মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। তিনি বলেন, "আমাদের বিশৃঙ্খল অবস্থা ছিল। সেটা অনেকাংশে গুছিয়ে আনতে সক্ষম হয়েছি। এই পুলিশ সপ্তাহে পুলিশকে আরও সুশৃঙ্খল এবং জনবান্ধব করার জন্য প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকারের অন্য যারা আছেন, তারা নির্দেশনা দেবেন। বাংলাদেশের নতুন প্রজন্ম যে পুলিশ আশা করে, সবার সহযোগিতায় আমরা সেই পুলিশ গড়ে তুলতে পারবো।" শুক্রবার (৮ মে) রাজধানীর ৩০০ ফিটে পুলিশ অফিসার্স হাউজিং সোসাইটি-১ এলাকায় খিলক্ষেত পুলিশ ফাঁড়ি ভবন উদ্‌বোধন অনুষ্ঠানে আইজিপি এসব কথা বলেন। প্রধান অতিথি আলী হোসেন ফকির জানান, এখানে আবাসিক এবং বাণিজ্যিক স্থাপনা উল্লেখযোগ্য হারে বৃদ্ধির ফলে খিলক্ষেত থানা এলাকার গুরুত্ব বহুগুণে বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে ৩০০ ফিট পূর্বাচল এক্সপ্রেসওয়ে-সংলগ্ন অঞ্চলগুলো বর্তমানে দ্রুত বর্ধনশীল নগরাঞ্চলে পরিণত হয়েছে। খিলক্ষেত থানার বর্তমান অবস্থান বিবেচনা এবং সম্প্রসারিত এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা, জননিরাপত্তা নিশ্চিতকরণ ও পুলিশের সেবা জনগণের কাছে পৌঁছে দিতে বরুয়া এবং আশপাশের এলাকায় একটি পুলিশ ফাঁড়ি স্থাপন অত্যন্ত জরুরি হয়ে ওঠে। ৩০০ ফিট এক্সপ্রেসওয়ে রাজধানীর একটি কৌশলগত গুরুত্বপূর্ণ সড়ক, যা পূর্বাচল নতুন শহরের সঙ্গে ঢাকা মহানগরীর সংযোগ স্থাপন করেছে। এর আশপাশে অবস্থিত নামাপাড়া, পাতিরা, ডুমনি, বরুয়া ও তলনা এলাকাগুলো প্রশাসনিকভাবে খিলক্ষেত থানার আওতাভুক্ত হলেও বাস্তব দৃষ্টিকোণ থেকে এগুলো থানা থেকে তুলনামূলক দূরবর্তী। এগুলো পূর্বাচল নতুন শহরের পার্শ্ববর্তী গুরুত্বপূর্ণ এলাকা ও বাণিজ্যিক জোন এবং একাধিক সংযোগ সড়কের কেন্দ্রবিন্দু হওয়ায়, এখানে একটি পুলিশ ফাঁড়ি স্থাপন খিলক্ষেত থানার কার্যক্রমকে বিকেন্দ্রীকরণ ও কার্যকর করবে, যোগ করেন আইজিপি। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## কুমিল্লার হত্যা মামলার পলাতক আসামি চট্টগ্রামে গ্রেফতার

কুমিল্লার চৌদ্দগ্রামের ইলিয়াস হত্যা মামলার এজাহারভুক্ত পলাতক আসামি মো. রুবেলকে গ্রেফতার করেছে র‍্যাব। যৌথ অভিযানে তাকে চট্টগ্রামের সীতাকুণ্ড থেকে গ্রেফতার করা হয়। র‍্যাব-৭ চট্টগ্রাম ও র‍্যাব-১১ নারায়ণগঞ্জের যৌথ অভিযানকারী দল বৃহস্পতিবার (৭ মে) রাতে সীতাকুণ্ডের কদম রসুল এলাকার ডিটি রোডে অভিযান চালিয়ে রুবেলকে গ্রেফতার করে। তিনি চৌদ্দগ্রাম উপজেলার বেরলা এলাকার মৃত গোলাম মোস্তফার ছেলে। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে, ইলিয়াস হত্যা মামলার এজাহারভুক্ত দুই নম্বর পলাতক আসামি রুবেল সীতাকুণ্ডে অবস্থান করছেন। পরে এই তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়। মামলাটি চৌদ্দগ্রাম থানায় গত বছরের ১৭ অক্টোবর করা হয়। মামলায় দণ্ডবিধির হত্যা, ভয়ভীতি প্রদর্শন ও সহযোগিতা-সংক্রান্ত একাধিক ধারা উল্লেখ রয়েছে। র‍্যাবের সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন জানান, গ্রেফতার আসামিকে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য চট্টগ্রাম মহানগরের চান্দগাঁও থানায় হস্তান্তর করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরে ভারতীয় নৌবাহিনীর জাহাজ

চট্টগ্রাম বন্দর পরিদর্শনে এসেছে ভারতীয় নৌবাহিনীর জাহাজ 'আইওএস সাগর ২০২৬'। শুক্রবার (৮ মে) জাহাজটি চট্টগ্রাম বন্দরে পৌঁছায়। এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, সামুদ্রিক সহযোগিতা ও আঞ্চলিক সমন্বয় জোরদারের অংশ হিসেবে ভারতীয় নৌবাহিনীর জাহাজটি বাংলাদেশ সফরে এসেছে। বহুজাতিক অভিযানের অংশ হিসেবে গুরুত্বপূর্ণ আঞ্চলিক বন্দরগুলো সফর করছে 'আইওএস সাগর ২০২৬'। এ সফর ভারতীয় ও বাংলাদেশ নৌবাহিনীর মধ্যকার বিদ্যমান সহযোগিতা ও পারস্পরিক সম্পর্কের প্রতিফলন বলেও উল্লেখ করা হয়। বাংলাদেশের জলসীমায় প্রবেশের পর

জাহাজটিকে স্বাগত জানায় বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ বিএনএস আলী হায়দার (এফ-১৭)। পরে বিএনএস আলী হায়দার ভারতীয় জাহাজটিকে এসকর্ট করে চট্টগ্রাম বন্দর পর্যন্ত নিয়ে আসে। জাহাজটি বন্দরে পৌঁছানোর পর, বিভিন্ন কূটনৈতিক ও উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সফরের অংশ হিসেবে আইওএস সাগরের অধিনায়ক, বাংলাদেশ নৌবাহিনীর চট্টগ্রাম নৌ অঞ্চলের কমান্ডার, নৌবহর কমান্ডার এবং ডকইয়ার্ড কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। এসব বৈঠকের মাধ্যমে দুই নৌবাহিনীর মধ্যে সহযোগিতা আরও জোরদার করার লক্ষ্য নেওয়া হয়েছে। এছাড়া, সফরসূচির অংশ হিসেবে বিভিন্ন কর্মসূচি রাখা হয়েছে। চট্টগ্রাম নৌ অঞ্চল কর্তৃপক্ষের পক্ষ থেকে জাহাজটিকে আনুষ্ঠানিকভাবে অভ্যর্থনা জানানোরও আয়োজন করা হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## তারিক সিদ্দিকের দুই ঘনিষ্ঠ সহযোগী ফের ৩ দিনের রিমান্ডে

রাজধানীর রমনা থানায় করা সন্ত্রাসবিরোধী আইনের মামলায় সাবেক প্রধানমন্ত্রীর সামরিক উপদেষ্টা মেজর জেনারেল (অব.) তারিক আহমেদ সিদ্দিকের দুই ঘনিষ্ঠ সহযোগীকে ফের তিনদিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। আসামি হলেন- মো. মহিদুল ইসলাম (৪২) ও মো. চান মিয়া (৪৬)। শুক্রবার (৮ মে) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে তাদের হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা ও ডিবি রমনা বিভাগের পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) মো. আমজাদ হোসেন তালুকদার। শুনানি শেষে আদালত দুই আসামির তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন। জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন। তিনি বলেন, শুনানি শেষে আদালত ৩ দিনের রিমান্ড মঞ্জুর করে আদেশ দেন। গত ৫ মে একই মামলায় তাদের আদালতে হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করা হলে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মনজরুল ইসলাম প্রত্যেকের ৩ দিন করে রিমান্ড মঞ্জুর করেছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## ফের ৩ দিনের রিমান্ডে ডিজিএফআইয়ের সাবেক পরিচালক আফজাল নাছের

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শিক্ষার্থীদের দমন-পীড়নে অর্থ জোগান, নাশকতায় উসকানি এবং সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার অভিযোগে ডিজিএফআইয়ের সাবেক পরিচালক লেফটেন্যান্ট কর্নেল (অব.) আফজাল নাছেরের আরও ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। আন্দোলনে ব্যবহৃত অর্থের উৎস, পরিকল্পনাকারী এবং অজ্ঞাত সহযোগীদের শনাক্ত করতে পুলিশ তাকে পুনরায় জিজ্ঞাসাবাদের আবেদন করেছিল। শুক্রবার (৮ মে) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতে কোতোয়ালি থানা পুলিশ ৭ দিনের রিমান্ড আবেদন করে। শুনানি শেষে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন। জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন, ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন। তিনি বলেন, শুনানি শেষে আদালত ৩ দিনের রিমান্ড মঞ্জুর করে আদেশ দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ রিহাব)

## কদমতলীতে ফোম কারখানায় আগুন, কাজ করছে ফায়ার সার্ভিস

রাজধানীর কদমতলীতে একটি ফোম কারখানায় আগুন লাগার ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট। শুক্রবার (৮ মে) ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা রোজিনা আক্তার এ তথ্য নিশ্চিত করেন। রোজিনা আক্তার বলেন, কদমতলীর একটি ফোম কারখানায় সন্ধ্যা ৬টা ৩৪ মিনিটে আগুনের সংবাদ পাওয়া যায়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। পাশাপাশি আরও একটি ইউনিট ঘটনাস্থলের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## সীতাকুণ্ডের ধর্ষণ মামলার পলাতক আসামি হাটহাজারীতে গ্রেফতার

চট্টগ্রামের সীতাকুণ্ড থানার নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলার এজাহারভুক্ত পলাতক আসামি সৈকত শীলকে গ্রেফতার করেছে র‍্যাব-৭। গ্রেফতার সৈকত শীল (২৪) সীতাকুণ্ড উপজেলার গোলাবাড়িয়া এলাকার আশীষ শীলের ছেলে। শুক্রবার (৮ মে) রাত সাড়ে ১২টার দিকে চট্টগ্রামের হাটহাজারী উপজেলার বড়ো দিঘিরপাড় এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে সীতাকুণ্ড থানার নারী ও শিশু নির্যাতন দমন মামলার পলাতক আসামি সৈকত শীল হাটহাজারী এলাকায় অবস্থান করছেন। পরবর্তীতে ওই তথ্যের ভিত্তিতে র‍্যাব-৭ এর একটি দল সেখানে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। মামলাটি নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত ২০০৩)-এর ৭ ও ৯(১) ধারায় দায়ের করা হয়েছে বলে জানিয়েছে র‍্যাব। র‍্যাব-৭ এর সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন বলেন, গ্রেফতার আসামিকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সীতাকুণ্ড থানায় হস্তান্তর করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## মানিকগঞ্জে ট্রাক-মোটরসাইকেল সংঘর্ষে নিহত ৩

মানিকগঞ্জের সাটুরিয়ায় ট্রাক ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। শুক্রবার (৮ মে) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার উত্তর পাড়তিল্লী বিলপাড়া ব্রিজের পূর্ব পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার তিল্লী গ্রামের আলম (১৬), সোনা মিয়া (২২) ও কালু মিয়া (১৬)। সন্ধ্যা ৬টার দিকে বিষয়টি নিশ্চিত করেন সাটুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মোশাররফ হোসেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, একটি কংক্রিট

বোঝাই ট্রাক দড়গ্রাম এলাকা থেকে মানিকগঞ্জের দিকে যাচ্ছিল। এসময় বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেলের সঙ্গে ট্রাকটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলের পেছনে থাকা আলম ঘটনাস্থলেই নিহত হন। অপর আরোহী কালু মিয়া ও সোনা মিয়াকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে মানিকগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় দুপুর ২টার দিকে কালু আর বিকেল সাড়ে ৫টার দিকে সোনা মিয়া মারা যান। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## নাসীরুদ্দীন পাটওয়ারীর উপস্থিতিতে মসজিদে হুড়োহুড়ি, গ্লাস ভেঙে আহত ৫

নারায়ণগঞ্জে একটি মসজিদে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর উপস্থিতিকে কেন্দ্র করে অনুসারীদের হুড়োহুড়িতে মসজিদের ফটকের গ্লাস ভেঙে গেছে। এতে অন্তত পাঁচজন মুসল্লি আহত হয়েছেন। শুক্রবার (৮ মে) নারায়ণগঞ্জ শহরের মাসদাইর সিটি কবরস্থান জামে মসজিদে জুমার নামাজ আদায় শেষে বের হওয়ার সময় এ ঘটনা ঘটে। এসময় মসজিদের মেঝেতে রক্তের ছোপ ছোপ দাগ দেখা গেছে। তবে, তাৎক্ষণিকভাবে আহতদের নাম জানা যায়নি। নাসীরুদ্দীন পাটওয়ারী মাসদাইর সিটি কবরস্থান জামে মসজিদে জুমার নামাজ আদায় করেন। জুমার নামাজের খুতবা শুরুর আগে বক্তব্য রাখেন তিনি। মুসল্লিদের সঙ্গে কথা বলে জানা যায়, নাসীরুদ্দীন পাটওয়ারীর উপস্থিতিকে কেন্দ্র করে তার অনুসারীদের মধ্যে কোনো শৃঙ্খলা ছিল না। তারা মসজিদের ভেতরেই স্লোগান দেন। এক পর্যায়ে বের হওয়ার সময় তার অনুসারীদের ধাক্কাধাক্কিতে মসজিদের ফটকের গ্লাস ভেঙে যায়। এতে কয়েকজন আহত হন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাষ্ট্রে খুনের শিকার লিমন-বৃষ্টি পেলেন মরণোত্তর ডক্টরেট ডিগ্রি

যুক্তরাষ্ট্রে নৃশংস হত্যাকাণ্ডের শিকার ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডার (ইউএসএফ) পিএইচডির শিক্ষার্থী জামিল আহমেদ লিমন ও নাহিদা সুলতানা বৃষ্টিকে মরণোত্তর ডক্টরেট ডিগ্রি প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার (৮ মে) ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডার বসন্তকালীন সমাবর্তনে তাদের এই সম্মাননা দেওয়া হয়। সমাবর্তন অনুষ্ঠানে মিয়ামির বাংলাদেশ কনস্যুলেটের একজন প্রতিনিধি উপস্থিত থেকে জামিল ও বৃষ্টির পরিবারের পক্ষে মরণোত্তর ডিগ্রি গ্রহণ করেন। ওয়াশিংটন ডিসি থেকে পাওয়া তথ্য অনুযায়ী, উচ্চশিক্ষা ও গবেষণায় তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সম্মাননা প্রদান করে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## পাঁচ ব্যাংক একীভূতকরণে স্বচ্ছতা বজায় রাখার দাবি জানালো ডিএসই

পাঁচ ইসলামী ব্যাংক একীভূতকরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করা এবং সাধারণ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার দাবি জানিয়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)। একইসঙ্গে, ক্ষুদ্র শেয়ার হোল্ডারদের জন্য ন্যায্য ক্ষতিপূরণ নিশ্চিত করার আহ্বানও জানিয়েছে প্রতিষ্ঠানটি। বুধবার (৬ মে) বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমানের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে ডিএসইর পক্ষ থেকে এসব দাবি তুলে ধরা হয়। বৃহস্পতিবার (৭ মে) গভীর রাতে এ তথ্য জানায় ডিএসই। ডিএসই চেয়ারম্যান মমিনুল ইসলামের নেতৃত্বে সাত সদস্যের একটি প্রতিনিধিদল বৈঠকে অংশ নেন। প্রতিনিধিদলে ছিলেন ডিএসইর পরিচালক সৈয়দ হাম্মাদুল করিম, স্নেহাশীষ বড়ুয়া, মিনহাজ মান্নান ইমন, রিচার্ড ডি রোজারিও, মো. সাজেদুল ইসলাম এবং ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার। বৈঠকে ডিএসই প্রতিনিধিদল জানান, পাঁচটি দুর্বল ইসলামী ব্যাংক- ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক ও এক্সিম ব্যাংক একীভূত করার প্রক্রিয়াকে কেন্দ্র করে সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্যে উদ্বেগ ও অনিশ্চয়তা তৈরি হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ রুবাইয়া)

## সরকার স্বাধীন-ক্ষমতাবান গণমাধ্যম কমিশন করবে : তথ্যমন্ত্রী

বাংলাদেশ সরকার সবার ঐকমত্যের ভিত্তিতে একটি স্বাধীন ও ক্ষমতাবান গণমাধ্যম কমিশন গঠনের কাজে হাত দিয়েছে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, যদি স্বাধীন ও ক্ষমতাবান গণমাধ্যম কমিশন তৈরি করা যায় এবং এ বিষয়ে আমাদের মাঝে ঐক্য তৈরি করা যায়, তাহলে পথচলার ক্ষেত্রে আমরা একটি সঠিক নেতৃত্ব পাবো। বাংলাদেশ সরকার গণমাধ্যমের উন্নয়নে এ যাত্রা শুরু করতে যাচ্ছে, তাতে অংশীদার হিসেবে সাংবাদিকদের সহযোগিতা প্রত্যাশা করছি। শুক্রবার (৮ মে) রাতে রাজধানীর রেডিসন ব্লু ওয়াটার গার্ডেন হোটেলে মিডিয়া রিসার্চ ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের (এমআরডিআই) ২৫ বছরপূর্তি উৎসবে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।(জাগো নিউজ ওয়েব পেজ : ০৮.০৫.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## মুক্তিযুদ্ধে রবীন্দ্রনাথের গান প্রেরণার উৎস হয়ে উঠেছিল : প্রধানমন্ত্রী

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী আজ। বাংলা সাহিত্য ও সংস্কৃতির অনন্য এই কবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (৭ মে) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বার্তায় তিনি কবির বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং বর্তমান বিশ্ব পরিস্থিতিতে রবীন্দ্র-দর্শনের গুরুত্ব তুলে ধরেন। প্রধানমন্ত্রী তার বার্তায় বলেন, বাংলা সাহিত্যের মহোত্তম কণ্ঠস্বর বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে তার অমর, অম্লান স্মৃতির প্রতি জানাই গভীর শ্রদ্ধা। তার বিদেহী আত্মার জন্য কামনা

করি অনন্ত শান্তি। বিশ্বশান্তি ও মানবকল্যাণই ছিল তার অবিনাশী সৃজনশীলতার মূল অন্বেষা। কাব্য, সংগীত, ছোটো গল্প, উপন্যাস, নাটক, নৃত্য নাট্য, চিত্রকলার পরতে পরতে এই মানুষ, মানবতা, শান্তি, প্রেম ও প্রকৃতির জয়গান গেয়েছেন অনন্য সাধারণ শৈল্পিক কুশলতায়, যা আমাদের সাহিত্য, সংস্কৃতি ও চিন্তার জগতের অমূল্য সম্পদ। তার সারা জীবনের যুক্তিবোধ ও মঙ্গল ভাবনা থেকেই তিনি আন্তর্জাতিকতার মর্মকে বিশ্বময় ছড়িয়ে দিতে অকুণ্ঠ থেকেছেন সব সময়। জাতীয় জীবনে বিশ্ব কবির অবদান অনস্বীকার্য উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের মহান মুক্তিযুদ্ধে রবীন্দ্রনাথের গান হয়ে উঠেছিল প্রেরণার বিশেষ উৎস। শাশ্বত বাংলার মানুষের দুঃখ-কষ্ট, আনন্দ-বেদনা অর্থাৎ সব অনুভব বিশ্বস্ততার সঙ্গে উঠে এসেছে রবীন্দ্র সাহিত্যে। সাধারণ মানুষের দুঃখ-বেদনার কথা হিসেবে যে রবীন্দ্রনাথকে আমরা পেয়েছি, তা তৎকালীন পূর্ববঙ্গ তথা আজকের বাংলাদেশেরই সৃষ্টি। রবীন্দ্রনাথের অনবদ্য সৃষ্টি ‘আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি’ আমাদের জাতীয় সংগীত হিসেবে আজ প্রতিষ্ঠিত। রবীন্দ্রনাথের বিশ্বজয়ের কথা স্মরণ করে তিনি বলেন, রবীন্দ্রনাথ বিশ্বজুড়ে আলোচনায় আসেন **১৯১৩** সালে, গীতাঞ্জলি কাব্যগ্রন্থ রচনার জন্য নোবেল পুরস্কার প্রাপ্তির মধ্যদিয়ে। তিনিই প্রথম এশীয় হিসেবে বিশ্বসাহিত্যের এই সর্বোচ্চ স্বীকৃতি অর্জন করেন। তিনি আমাদের সংস্কৃতির বহুত্ববাদ, অহিংস মতাদর্শ ও বাংলার মরমি-ভাববাদী চেতনার সমন্বয় সাধন করে বিশ্ববাসীর কাছে পৌঁছে দেন পরম মমতায়। বর্তমান বিশ্বে চলমান যুদ্ধ-সংঘাত, বীরের রক্তস্রোত, মায়ের অশ্রুধারায় ক্ষতবিক্ষত, রক্তাক্ত পরিস্থিতি, উগ্রবাদের উত্থান, জাতিতে জাতিতে হানাহানি- এসবের কারণে রবীন্দ্রনাথ আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছেন। তিনি বলেন, মানুষের প্রত্যক্ষ কল্যাণ কামনায় রবীন্দ্রনাথ ঠাকুর শিক্ষার বিভিন্ন পর্যায় নিয়ে ভেবেছেন। শিশুসহ নতুন প্রজন্মকে সুশিক্ষার আলোয় আলোকিত করার জন্য তিনি প্রতিষ্ঠা করেছেন শান্তি নিকেতন। সেই সঙ্গে তিনি পুথিগত শিক্ষার পাশাপাশি ব্যাবহারিক শিক্ষাকেও সমান গুরুত্ব দিয়েছেন। মানবতাবাদী কবি রবীন্দ্রনাথ শিক্ষার ক্ষেত্রে চিরকাল বিশ্বের জানালাকে খুলে দেওয়ার কথা বলেছেন। রবীন্দ্র-জন্মবার্ষিকীর এবারের আয়োজন সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হোক, এটাই আমার আন্তরিক প্রত্যাশা।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## আয়কর রসিদেই জানানো হবে, করের টাকা কোথায় ব্যয় হচ্ছে : তিতুমীর

প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেছেন, নাগরিক তখনই কর দিতে আগ্রহী হবে, যখন সে বুঝতে পারবে, করের বিনিময়ে রাষ্ট্র তাকে সেবা দিচ্ছে। রাষ্ট্র ও নাগরিকের মধ্যে সামাজিক আস্থার সম্পর্ক তৈরি না হলে কর ফাঁকি ও কর জালিয়াতি কমবে না বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, ভবিষ্যতে করদাতাকে এমন রসিদ দেওয়া হবে, যেখানে উল্লেখ থাকবে, তার দেওয়া করের কত অংশ শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা খাতে ব্যয় হয়েছে। আগামী বাজেট থেকেই এ ধরনের ব্যবস্থা চালুর আশা করছে সরকার। বৃহস্পতিবার রাজধানীর কারওয়ান বাজারে সিএ ভবনে আয়োজিত এক প্রাক-বাজেট গোলটেবিল আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ড. তিতুমীর। ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিবি) ও দ্য ফাইনান্সিয়াল এক্সপ্রেস যৌথভাবে এ আলোচনার আয়োজন করে। ড. তিতুমীর বলেন, দেশে কর ফাঁকি ও কর জালিয়াতি বাড়ার পেছনে রাজনৈতিক পৃষ্ঠপোষকতার সংস্কৃতি বড়ো কারণ। তার ভাষায়, “গোষ্ঠীতান্ত্রিক শক্তি ক্ষমতায় রাখবে, আর বিনিময়ে কর খাতসহ বিভিন্ন ক্ষেত্রে বিশেষ সুবিধা দেওয়া হবে। কর ফাঁকি ও জালিয়াতির মূল শেকড় এখানেই।” তিনি বলেন, বর্তমানে দেশের কর-জিডিপি অনুপাত মাত্র ৬ দশমিক ৬৭ শতাংশ, যা বিশ্বের অন্যতম নিম্ন হার। ‘উন্নয়নের বড়ো বড়ো বুলি আওড়ানো হয়েছে, কিন্তু বাস্তবে করব্যবস্থার ভিত্তি দুর্বলই থেকে গেছে,’ বলেন তিনি। কর ব্যবস্থায় ‘সংযুক্তি’ ও ‘বিযুক্তি’- দুই ধরনের সংস্কারের কথাও তুলে ধরেন উপদেষ্টা। বিষয়টি ব্যাখ্যা করে তিনি বলেন, ‘বিযুক্তি’ মানে করদাতা ও কর্মকর্তার ব্যক্তিগত যোগাযোগ কমিয়ে আনা, আর ‘সংযুক্তি’- মানে নাগরিককে জানানো, তার করের অর্থ কোথায় ব্যয় হচ্ছে। তিনি বলেন, সরকার করের হার বাড়াতে চায় না বরং অর্থনীতির আকার বাড়িয়ে অভ্যন্তরীণ সম্পদ আহরণ বাড়াতে চায়। প্রত্যক্ষ কর বাড়ানোর সবচেয়ে কার্যকর উপায় হচ্ছে কর্মসংস্থান বৃদ্ধি। ড. তিতুমীর জানান, সরকার ইতোমধ্যে অর্থনৈতিক সংস্কারের জন্য তিনটি টাস্কফোর্স গঠন করেছে। একইসঙ্গে অনানুষ্ঠানিক খাতকে মূল অর্থনীতির সঙ্গে যুক্ত করা, বন্ধ শিল্পকারখানা চালু, ক্ষুদ্র ও কুটির শিল্পে প্রণোদনা এবং এসএমই নীতিমালা সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, ‘এক গ্রাম, এক পণ্য’ উদ্যোগের মাধ্যমে সমতাভিত্তিক আঞ্চলিক উন্নয়নে গুরুত্ব দেওয়া হচ্ছে। পাশাপাশি সৃজনশীল অর্থনীতি বা অরেঞ্জ ইকোনমিকে গুরুত্ব দিয়ে শিল্পী, ডিজাইনার, গেম নির্মাতা ও ফ্যাশন উদ্যোক্তাদেরও অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখা হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের স্বাধীনতার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, রাজস্বনীতি ও মুদ্রানীতির মধ্যে কার্যকর সমন্বয় জরুরি। বন্ধ শিল্পকারখানা চালু করতে বাংলাদেশ ব্যাংক রিফাইন্যান্সিং স্কিম ও বিশেষ ঋণ কর্মসূচি নিয়ে কাজ করছে বলেও জানান তিনি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) সভাপতি শওকত আজিজ রাসেল, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান টি রহমান, অ্যামচেম সভাপতি সৈয়দ এরশাদ আহমেদ, আইসিএবি সভাপতি এন কে এ মবিন এবং দ্য ফাইনান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক শামসুল হক জাহিদ বক্তব্য দেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## ২৩ দিন পর ইস্টার্ন রিফাইনারিতে উৎপাদন শুরু

অপরিশোধিত জ্বালানি তেলের (ক্রুড অয়েল) সংকটে দীর্ঘ ২১ দিন বন্ধ থাকার পর, অবশেষে উৎপাদনে ফিরেছে দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি লিমিটেড (ইআরএল)। আজ শুক্রবার (০৮ মে) সকাল থেকে চট্টগ্রামের এই শোধনাগারটিতে পুনরায় পরিশোধন প্রক্রিয়া শুরু হয়েছে। ইস্টার্ন রিফাইনারি কর্তৃপক্ষ জানিয়েছে, সৌদি আরব থেকে আমদানিকৃত ক্রুড অয়েলের একটি বড়ো চালান দেশে পৌঁছানোর পর, এই অচলাবস্থার অবসান ঘটে। বর্তমানে কারিগরি বিষয়গুলো মাথায় রেখে সীমিত পরিসরে উৎপাদন শুরু করা হয়েছে। ইস্টার্ন রিফাইনারি পিএলসির উপ-মহাব্যবস্থাপক (অপারেশনস) মামুনুর রশীদ খান জানান, 'এমটি নাইনেমিয়া' নামক একটি জাহাজ ১ লাখ ৯৪ হাজার টন অপরিশোধিত তেল নিয়ে কক্সবাজারের কুতুবদিয়া উপকূলে নোঙর করেছে। সেখান থেকে সরবরাহ পাওয়ার পর, আজ সকালে শোধনাগারটি চালু করা হয়েছে। তিনি আরও জানান, শুরুর দিকে দৈনিক সাড়ে তিন হাজার মেট্রিক টন তেল উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। কারিগরি সমন্বয়ের প্রয়োজনে শুরুতে উৎপাদন কিছুটা কম রাখা হলেও, পর্যায়ক্রমে তা বাড়ানো হবে। সংশ্লিষ্ট সূত্রমতে, বর্তমানে যে পরিমাণ তেলের মজুত রয়েছে, তা দিয়ে আগামী ২০ থেকে ২৫ দিন পরিশোধন কার্যক্রম চালানো সম্ভব হবে। তবে, জ্বালানি তেলের সরবরাহ নিরবচ্ছিন্ন রাখতে আমদানির প্রক্রিয়া সচল রয়েছে। আগামী ২০ মে'র দিকে অপরিশোধিত তেলের পরবর্তী চালানটি দেশে পৌঁছাতে পারে। এ ছাড়া, ১০ থেকে ১২ মে'র মধ্যে সৌদি আরব থেকে আরও এক লাখ মেট্রিক টন তেল লোডিং হওয়ার কথা রয়েছে। জাহাজীকরণের এই প্রক্রিয়া ঠিক থাকলে ভবিষ্যতে উৎপাদনে আর কোনো বিঘ্ন ঘটবে না বলে আশা করছে কর্তৃপক্ষ। উল্লেখ্য, ক্রুড অয়েলের মজুত ফুরিয়ে যাওয়ায় গত তিন সপ্তাহ ধরে ইস্টার্ন রিফাইনারিতে উৎপাদন পুরোপুরি বন্ধ ছিল, যা দেশের জ্বালানি ব্যবস্থাপনায় কিছুটা উদ্‌বেগের সৃষ্টি করেছিল। উৎপাদন পুনরায় শুরু হওয়ায় সেই সংকট আপাতত কাটল বলে মনে করছেন সংশ্লিষ্টরা।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## শিক্ষার ভালোর জন্য মব করতে রাজি : সর্বমিত্র চাকমা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) কার্যনির্বাহী সদস্য সর্বমিত্র চাকমা বলেছেন, শিক্ষার ভালোর জন্য মব করতে রাজি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে শনিবারের বাসসেবা চালুর দাবিকে কেন্দ্র করে বৃহস্পতিবার (৭ মে) সিন্ডিকেট সভা চলার সময় মিটিং রুমের ভেতরে উপাচার্য ও ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নেতাদের মধ্যে তীব্র তর্কবিতর্কের এক পর্যায়ে তিনি এ কথা বলেন। এ সময় সর্বমিত্র চাকমা বলেন, শিক্ষার্থীদের দাবি আদায়ের জন্য আমরা যে-কোনো কাজ করতে প্রস্তুত। আমরা বহুদিন ধরে অফিসে অফিসে ঘুরছি, কাজ হয় না। আমরা কোথায় যাব? শিক্ষার্থীদের দ্বারা নির্বাচিত হয়ে আমাদের একটি দায়বদ্ধতা আছে। ডাকসু নেতাদের অভিযোগ, অনাবাসিক শিক্ষার্থীদের জন্য শনিবারে বাস সার্ভিস চালুর লক্ষ্যে ইউজিসি থেকে প্রায় চার কোটি টাকার বরাদ্দ আনা হলেও, কেবল কোষাধ্যক্ষের স্বাক্ষরের অভাবে তা আটকে আছে। একইসঙ্গে কেন্দ্রীয় মসজিদে এসি স্থাপন করা হলেও, এখনো বিদ্যুৎ সংযোগ না দেওয়া এবং কেন্দ্রীয় মাঠ সংস্কারের কাজ শুরু না হওয়ার বিষয়েও প্রশাসনের সমালোচনা করেন তারা। কর্মসূচিতে ডাকসুর পরিবহণ সম্পাদক আসিফ আব্দুল্লাহ বলেন, শনিবারে বাস চালুর জন্য আমরা ইউজিসি থেকে ৪ কোটি টাকা নিয়ে এসেছি। শুধু কোষাধ্যক্ষের একটি সিগনেচারের জন্য এটি আটকে আছে। শিক্ষার্থীদের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিটি বিষয়ে প্রশাসন টালবাহানা করছে। তিনি আরো বলেন, ডাকসুকে ব্যর্থ প্রমাণ করার চেষ্টা করা হচ্ছে। আমরা শিক্ষার্থীদের যৌক্তিক দাবি নিয়ে আন্দোলন করছি। এ সময় নেতা-কর্মীরা 'শিক্ষার্থীদের অধিকার, খর্ব করে ট্রেজারার', 'বাজেট আনার মুরদ নাই, আনলে বলে দরকার নাই', 'ডাকসু যখন টার্গেট, বাতিল করে বাজেট'-সহ বিভিন্ন স্লোগান দেন। পরিস্থিতি শান্ত করতে প্রথমে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুনসি শামসউদ্দীন চৌধুরী শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। পরে ডাকসুর সহ-সভাপতি আসিফ আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক মোসাদ্দেক আলি ইবনে মোহাম্মদসহ বিভিন্ন হল সংসদের নেতারা সিন্ডিকেট সভাকক্ষে প্রবেশ করেন। সেখানে প্রায় আধাঘণ্টা ধরে ডাকসু প্রতিনিধি ও সিন্ডিকেট সদস্যদের মধ্যে বাগ্‌বিতণ্ডা চলে। সভাকক্ষে প্রবেশের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম ডাকসুর নেতা-কর্মীদের উদ্দেশ্য করে এটিকে 'মব' বলে উল্লেখ করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## সৌদি পৌঁছেছেন ৪৮৬০৫ বাংলাদেশি হজযাত্রী

পবিত্র হজ পালনের উদ্দেশ্যে বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ১২৪টি হজ ফ্লাইটে চেপে সৌদি আরবে পৌঁছেছেন ৪৮ হাজার ৬০৫ জন হজযাত্রী। তাদের মধ্যে সরকারি মাধ্যমে গেছেন ৪ হাজার ৭১ জন ও বেসরকারি মাধ্যমে ৪৪ হাজার ৫৩৪ জন। এখন পর্যন্ত হজে গিয়ে মারা গেছেন ১০ জন। আজ শুক্রবার (৮ মে) হজ সম্পর্কিত সর্বশেষ বুলেটিনে তথ্যটি নিশ্চিত করা হয়। হজ বুলেটিনে বলা হয়েছে, ১০ জন মৃতের মধ্যে মক্কায় আটজন ও মদিনায় দুইজন মারা গেছেন। মারা যাওয়াদের মধ্যে দুইজন মহিলা। হজ বুলেটিনের তথ্য অনুযায়ী, বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ৫৭টি ফ্লাইটে ২২ হাজার ৮১৯ জন, সৌদি এয়ারলাইনসের ৪৬টি ফ্লাইটে ১৭ হাজার ২৯২ জন ও ফ্লাইনাস এয়ারলাইনসের ২১টি ফ্লাইটে আট হাজার ৪৯৪ জন যাত্রী সৌদি আরবে গেছেন। চলতি বছর বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালনের অনুমতি পেয়েছেন। ৬৬০টি এজেন্সি এ কার্যক্রম পরিচালনা করছে, যার মধ্যে ৩০টি প্রধান ও ৬৩০টি সমন্বয়কারী এজেন্সি রয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশের উন্নয়নে নিজের অভিজ্ঞতা কাজে লাগাতে আগ্রহী জাপান

জাপানের টোকিও মেট্রোপলিটনের ভাইস গভর্নর মাৎসুমোতো আকিকো এবং নিপ্পন ফাউন্ডেশনের চেয়ারম্যান ইওহেই সাসাকাওয়ার সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। গতকাল বৃহস্পতিবার (৭ মে) এসব বৈঠকের বিষয়ে গণমাধ্যমকে জানায় জামায়াতের প্রচার বিভাগ। বৈঠকে ডা. শফিকুর রহমানের সঙ্গে উপস্থিত ছিলেন- জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন এবং তার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান। জামায়াত জানায়, মাৎসুমোতো আকিকোর সঙ্গে বৈঠকে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে নগর ব্যবস্থাপনা, আধুনিক অবকাঠামো উন্নয়ন, দুর্যোগ মোকাবিলা ও নাগরিক সেবার মানোন্নয়নে টোকিওর অভিজ্ঞতা ও সফলতা গুরুত্বের সঙ্গে তুলে ধরা হয়। বৈঠকে ভাইস গভর্নর মাৎসুমোতো আকিকো টোকিওর ব্যবসা ও নগর ব্যবস্থাপনা, বন্যা ও ভূমিকম্প মোকাবিলা ব্যবস্থা, পরিবেশবান্ধব নগর পরিকল্পনা এবং বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা সম্পর্কে শফিকুর রহমানকে বিস্তারিত ব্রিফ করেন। এ ছাড়া, বাংলাদেশের বড়ো শহরগুলোতে এসব আধুনিক ও কার্যকর ব্যবস্থাপনা প্রয়োগের বিষয়ে পরামর্শও দেন তিনি। শফিকুর রহমান বাংলাদেশের নগর উন্নয়ন ও জনসেবামূলক কার্যক্রমে জাপানের অভিজ্ঞতা কাজে লাগানোর আগ্রহ প্রকাশ করেন এবং এ বিষয়ে টোকিও মেট্রোপলিটন গভর্নমেন্টের সহযোগিতা কামনা করেন। নিপ্পন ফাউন্ডেশনের চেয়ারম্যান ইওহেই সাসাকাওয়ার সঙ্গে পৃথক বৈঠকে বাংলাদেশ ও জাপানের পারস্পরিক সম্পর্ক, মানবিক সহযোগিতা, শিক্ষা ও স্বাস্থ্য খাতের উন্নয়ন, যুব-সমাজের সক্ষমতা বৃদ্ধি এবং টেকসই সামাজিক উন্নয়ন নিয়ে আলোচনা হয়। পাশাপাশি রোহিঙ্গা সংকটের মানবিক দিক, আঞ্চলিক স্থিতিশীলতা এবং বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা নিয়েও মতবিনিময় করা হয়। শফিকুর রহমান বাংলাদেশের জনগণের প্রতি জাপান সরকার ও নিপ্পন ফাউন্ডেশনের অব্যাহত সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জুলাই আন্দোলনে শহিদ পরিবারের পুনর্বাসন এবং আহতদের চিকিৎসা ও পুনর্বাসনে নিপ্পন ফাউন্ডেশনকে এগিয়ে আসার আহ্বান জানান। ইওহেই সাসাকাওয়া বাংলাদেশের উন্নয়ন, মানবসম্পদ বিকাশ এবং মানবিক কার্যক্রমে ভবিষ্যতেও সহযোগিতা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। এ ছাড়া, বৃহস্পতিবার জাপানের পার্লামেন্ট ভবন পরিদর্শন করেন শফিকুর রহমান।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## জাতিসংঘ ফোরামে বাংলাদেশ; নিরাপদ অভিবাসনে বৈশ্বিক সহযোগিতার আহ্বান

অভিবাসীদের অধিকার সুরক্ষা, অনিয়মিত অভিবাসন রোধ, অভিবাসন ব্যয় কমানো, ন্যায্য মজুরি নিশ্চিত করা, জবাবদিহিতা জোরদার এবং অভিবাসীদের ন্যায়বিচারে প্রবেশাধিকার বাড়াতে বৈশ্বিক সহযোগিতা জোরদারের আহ্বান জানিয়েছে বাংলাদেশ। আজ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল মাইগ্রেশন রিভিউ ফোরামের সাধারণ বিতর্কে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী এ আহ্বান জানান। মন্ত্রী বলেন, বাংলাদেশ 'হোল-অফ-গভর্নমেন্ট অ্যান্ড হোল-অফ-সোসাইটি' পদ্ধতির মাধ্যমে অভিবাসন ব্যবস্থাপনায় জবাবদিহিতা জোরদার করছে এবং অভিবাসীদের ন্যায়বিচারে প্রাপ্তির ক্ষেত্রে কাজ করছে। তিনি আরও বলেন, নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত অভিবাসন নিশ্চিত করতে বাংলাদেশ গ্লোবাল কমপ্যাক্ট অন মাইগ্রেশন (জিসিএম) বাস্তবায়নের অংশ হিসেবে 'মাইগ্রেশন কমপ্যাক্ট টাস্কফোর্স' গঠন করা হয়েছে। পাশাপাশি, ২০২৬-২০৩০ মেয়াদের জাতীয় কর্মপরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। আরিফুল হক চৌধুরী জানান, প্রথম আইএমআরএফে দেওয়া বাংলাদেশের ১০টি অঙ্গীকারের মধ্যে সাতটি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। একইসঙ্গে, বাংলাদেশ নতুন ছয়টি অঙ্গীকার জমা দিয়েছে এবং দুটি আঞ্চলিক উদ্যোগে যুক্ত হয়েছে। জলবায়ু পরিবর্তনকে অভিবাসনের একটি ক্রমবর্ধমান কারণ হিসেবে উল্লেখ করে তিনি ক্ষতিগ্রস্ত দেশগুলোর জন্য নির্ভরযোগ্য অর্থায়ন ও কারিগরি সহায়তা বাড়ানোর আহ্বান জানান। মন্ত্রী নিরাপদ অভিবাসন ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে সমন্বিতভাবে কাজ করার প্রত্যয়ও পুনর্ব্যক্ত করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## শিক্ষামন্ত্রীকে ভাষা ঠিক করতে বললেন জুলাই যোদ্ধা মেহনাজ

জুলাই যোদ্ধা ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী নাফসিন মেহনাজ আজিরিন বলেছেন, "এহসানুল হক মিলনকে দেখলে আমার উগ্র মনে হয়। ওনার আচার-ব্যবহার এমন যে, উনি একাই সুপেরিয়ার আর সবাই চিটার-বাটপাড়। মানে, উনি একাই পিউর সওল আর সবাই চিটার-বাটপাড় দিয়ে ভরা। কিন্তু ওনার যে-সব আচরণ, সেগুলো আসলে খুবই উগ্রবাদী আচরণ। ওনার নিজের ভাষা ঠিক করা এবং ওনার নিজের যে কথাবার্তা, আচার ব্যবহার ডেভেলপ করা উচিত বলে আমি মনে করি।" সম্প্রতি এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন জুলাই যোদ্ধা নাফসিন মেহেনাজ আজিরিন। শিক্ষামন্ত্রীর সমালোচনা করে মেহেনাজ বলেন, "সরকারের পক্ষ থেকে শিক্ষামন্ত্রী দুইদিন আগে এক বক্তব্যে বলেছেন, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যদি বেশি ফ্রিডম দেওয়া হয়, তখন তারা জঙ্গি প্রডিউস করবে। প্রথম কথা হচ্ছে, ১৮ তারিখ যদি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা না নামত, তাহলে আপনারা কোথায় থাকতেন, এটা আপনারা চিন্তা করেন।" তিনি বলেন, "যখন এহসানুল মিলন সাহেব এ কথাটা বললেন যে, প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে অনেক বেশি ফ্রিডম দেওয়া হলে জঙ্গি প্রডিউস করা হবে। আসলে শিক্ষাটা আমাদের শিক্ষার্থীদেরকে নিয়ে প্রশ্ন আসে না, শিক্ষাটা হচ্ছে তার নিজের শিক্ষা নিয়ে। আপনার কী শিক্ষা যে, আপনি এরকম টাইপের ল্যাংগুয়েজ প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে করেন?" তিনি আরো বলেন, "টেরোরিস্টের কোনো বাবা-মা নেই, কোনো সোসাইটি

নেই, কোনো ইনস্টিটিউশন নেই। একটা ইন্ডিভিজুয়াল ঘটনা দিয়ে আপনি তো পুরো ইনস্টিটিউশনে জাজ করতে পারেন না। আমাদের পলিটিক্স করার কোনো স্ট্রাকচার নেই, আমাদের তো ডাকসু নেই, আমাদের কোনো ছাত্র সংগঠন নেই, কিন্তু আমরা, আপনারা দেখেছেন যে, প্রাইভেট বিশ্ববিদ্যালয় কীভাবে রাজপথে ছিল এবং জুলাই অভ্যুত্থান সফল করেছিল।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৫.২০২৬ এলিনা)

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ৭ শিশুর মৃত্যু, শনাক্ত ২৮২

গত ২৪ ঘণ্টায় দেশে হামে আক্রান্ত হয়ে একজন এবং হামের উপসর্গ নিয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ৫৪ দিনে দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৩৪৩। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে ২৮৫টি শিশুর মৃত্যু হয়েছে, আর ৫৮টি শিশুর হামে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। একইসঙ্গে এ সময়ে নতুন করে ২৮২ জনের শরীরে ভাইরাসজনিত ছোঁয়াচে এই রোগ শনাক্ত হয়েছে। শুক্রবার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। বুলেটিনে বলা হয়েছে, এ পর্যন্ত হামের লক্ষণ নিয়ে সবচেয়ে বেশি ১৩২ জন ঢাকা বিভাগে মারা গেছে, আর ৭৮ জন রাজশাহী বিভাগের। স্বাস্থ্য অধিদপ্তর বলছে, গেল ২৪ ঘণ্টায় ১ হাজার ২১২ জন হামের লক্ষণ নিয়ে হাসপাতালে এসেছে, যাদের মধ্যে ৯৫০ জন হাসপাতালে ভর্তি হয়েছে। জানা যায়, গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে যে সাত শিশুর মৃত্যু হয়েছে, তাদের মধ্যে ৩ শিশু সিলেট বিভাগের। এছাড়া, ঢাকায় ২টি এবং খুলনা বরিশালে বিভাগে ১টি করে শিশুর মৃত্যু হয়েছে। অন্যদিকে, গত ২৪ ঘণ্টায় সারা দেশে হাসপাতাল থেকে ৯১৪ জন ছুটি পেয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ আসাদ)

## মাদক নিয়ন্ত্রণে ১০ বছরের চুক্তি করলো বাংলাদেশ ও পাকিস্তান

মাদকদ্রব্য ও সাইকোট্রপিকের উপাদান, অবৈধ পাচার ও অপব্যবহার রোধে বাংলাদেশ ও পাকিস্তান সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। শুক্রবার রাজধানীর হোটেল ইন্টার-কন্টিনেন্টালে আয়োজিত এক অনুষ্ঠানে দু'দেশের মধ্যে ওই চুক্তি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও পাকিস্তানের পক্ষে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী সৈয়দ মহসিন রাজা নাকভি চুক্তিতে সই করেন। এই সমঝোতা স্মারকের আওতায় উভয় দেশ মাদক পাচার এবং মাদক-সংক্রান্ত অর্থপাচার রোধে একে-অপরকে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদান ছাড়াও কারিগরি সহায়তা দেবে। এছাড়াও, মাদক অপরাধে জড়িত সন্দেহভাজন ব্যক্তি, পাচারকারী সংস্থা এবং পাচারের নতুন পদ্ধতি ও রুট সম্পর্কে দুই দেশ নিয়মিত গোয়েন্দা তথ্য বিনিময় করবে। চুক্তির উল্লেখযোগ্য দিকগুলো হলো- তথ্য আদান-প্রদান; মাদক পাচারকারী ব্যক্তি, অপরাধী সংগঠন এবং মাদক লুকানোর নতুন পদ্ধতি সম্পর্কে নিয়মিত তথ্য বিনিময় করা হবে।(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ আসাদ)

## এআই-এর নজরদারিতে বদলে যাচ্ছে রাজধানীর সড়কের চিত্র

ঢাকায় ট্রাফিক ব্যবস্থাপনায় নতুন অধ্যায় শুরু হয়েছে এআইচালিত ক্যামেরার মাধ্যমে। সড়কে শৃঙ্খলা ফেরাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ স্বয়ংক্রিয়ভাবে মামলা কার্যক্রম চালু করেছে, যেখানে ট্রাফিক সিগন্যাল অমান্য, হেলমেট না পরা কিংবা সিট বেল্ট ব্যবহার না করার মতো লঙ্ঘনগুলো ক্যামেরার মাধ্যমে শনাক্ত করে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেওয়া হচ্ছে। রাজধানীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও মোড়ে ইতোমধ্যে এই প্রযুক্তি চালু হওয়ার পর থেকে সড়কে শৃঙ্খলার পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। চালকরা এখন লাল বাতি জ্বলে উঠলে অপেক্ষা করছেন এবং সবুজ সংকেতের জন্য নিয়ম মেনে চলছেন। মোটরসাইকেল চালকরাও জেব্রা ক্রসিং ও স্টপ লাইনের নিয়ম মানতে শুরু করেছেন। চালক ও পথচারীরা বলছেন, আগে যেখানে অনেকেই তাড়াহুড়ো করে আইন ভঙ্গ করতেন, এখন এআই ক্যামেরার নজরদারির কারণে সবাই বেশি সচেতন। সিটবেল্ট ও হেলমেট ব্যবহারের প্রবণতাও বেড়েছে। শাহবাগ থানার ট্রাফিক ইন্সপেক্টর তারিকুল ইসলাম বলেন, প্রযুক্তিনির্ভর নজরদারির ফলে আইন প্রয়োগ আরও সহজ হয়েছে। মানুষও বুঝতে পারছে যে, নিয়ম ভাঙলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে। বিশেষ করে, পাঠাও-উবার চালকরা আইন লঙ্ঘন করত বেশি। তাদের মধ্যেও সচেতন হওয়ার বিষয়টা লক্ষ্য করা যাচ্ছে। প্রযুক্তিনির্ভর এই নজরদারির কারণে সড়কে শৃঙ্খলা বাড়ছে এবং দুর্ঘটনার ঝুঁকিও কমবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ আসাদ)

## সব মানবতাবিরোধী অপরাধের বিচার করবে সরকার : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বাংলাদেশে সংঘটিত কোনো মানবতাবিরোধী অপরাধ, গণহত্যা কিংবা ন্যায়বিচারবিরোধী কর্মকাণ্ডকে সরকার কখনও তামাদি হতে দেবে না। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের গণহত্যা থেকে শুরু করে শাপলা চত্বরের হত্যাকাণ্ড পর্যন্ত সব ঘটনার বিচার নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। শুক্রবার রাজধানীর জাতীয় জাদুঘর মিলনায়তনে শাপলা শহিদদের স্মরণে আয়োজিত এক স্মরণসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জহির উদ্দিন স্বপন বলেন, "শাপলা চত্বরের ঘটনার পর বিএনপির নেতা-কর্মীদের উদ্দেশ্যমূলকভাবে অভিযুক্ত করা হয়েছিল। সেসময় সরকারের সমর্থিত গণমাধ্যম ব্যবহার করে বিভ্রান্তিকর প্রচারণা চালানো হয় এবং বিএনপির বহু নেতাকে মামলায় জড়ানো হয়।" তিনি বলেন, "ফ্যাসিবাদের বিরুদ্ধে বাংলাদেশের এমন কোনো গণতন্ত্রমনা অংশ নেই, যারা নির্যাতনের শিকার হয়নি।" জহির উদ্দিন স্বপন আরো বলেন, "জাতীয় সংসদ ইতোমধ্যে শাপলা চত্বরের শহিদদের প্রতি আনুষ্ঠানিক শ্রদ্ধা জানিয়েছে এবং জুলাই অভ্যুত্থানসহ সব হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত

করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।" তথ্যমন্ত্রী বলেন, "২০০৯ সালের ঘটনাপ্রবাহ থেকে শুরু করে পরবর্তী সময়ের বিভিন্ন রাজনৈতিক দমন-পীড়ন, বিরোধী দলের সমাবেশে হামলা, শাপলা চত্বরের অভিযান এবং ফ্যাসিবাদী আচরণের বিরুদ্ধে জনগণের ক্ষোভ এক সময় জাতীয় ঐক্যে পরিণত হয়েছিল। সেই ধারাবাহিকতায় ২০২৪ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মাধ্যমে ফ্যাসিবাদী শক্তির পতন ঘটে।" মহুরম বেগম খালেদা জিয়ার নেতৃত্বের প্রসঙ্গ তুলে তিনি বলেন, দেশের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে ফ্যাসিবাদবিরোধী ঐক্য গড়ে উঠেছিল তার গ্রহণযোগ্য নেতৃত্বের কারণেই। একইসঙ্গে তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের কর্মকাণ্ডের কথা উল্লেখ করে বলেন, "জাতীয় সংসদে শাপলা শহিদদের স্মরণ করার মধ্যদিয়ে সরকার জাতির সামনে দায়বদ্ধতার বার্তা দিয়েছে।" জহির উদ্দিন স্বপন বলেন, "রাজনৈতিক শক্তির পাশাপাশি সামাজিক শক্তির ঐক্য ছাড়া কোনো বড়ো লক্ষ্য অর্জন সম্ভব নয়। যখন ধর্মীয় মূল্যবোধ, দেশপ্রেম কিংবা জাতীয় স্বার্থের প্রশ্ন আসে, তখন গোটা জাতি এক হয়ে যায়। এই ঐক্যই আমাদের সবচেয়ে বড়ো শক্তি।" তিনি বলেন, "দেশের মানুষের ধর্মীয় মূল্যবোধ, স্বাধীনতা, স্বনির্ভরতা ও সমৃদ্ধির প্রশ্নে জাতীয় ঐক্য বজায় রাখতে পারলেই শহিদদের প্রতি প্রকৃত দায়িত্ব পালন করা সম্ভব হবে।"
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৫.২০২৬ আসাদ)

# BBC

**TRUMP SAYS US-IRAN CEASEFIRE STILL IN PLACE AFTER EXCHANGE OF FIRE IN STRAIT OF HORMUZ**

US President Donald Trump says a ceasefire is still in place with Iran, despite a clash between Iran and US naval destroyers in the Strait of Hormuz for which both sides blamed the other. The US said Iran launched missiles, drones and small boats against three of its warships, in what it called an "unprovoked attack". Trump said Iran "trifled with us today". Iran's top military command, meanwhile, alleged the US had targeted an Iranian oil tanker and another vessel approaching the Strait of Hormuz and carried out "aerial attacks" on several coastal areas. The flare-up comes a day after Iran's foreign ministry had said it was considering a US proposal to end the war. (BBC News Web Page: 08/05/26, FARUK)

**RUSSIA AND UKRAINE ACCUSE EACH OTHER OF BREACHING VICTORY DAY CEASEFIRE**

Russia and Ukraine have accused each other of violating separate ceasefires declared by each side to cover the celebrations of the Soviet Union's victory over Nazi Germany. The Russian defence ministry reported more than 1,000 violations in the conflict zone, while Moscow's mayor said the city had been targeted by drones since the ceasefire began at midnight local time. Ukraine also said Russia had continued to strike its positions since that time. Russian President Vladimir Putin announced a ceasefire for 8-9 May ahead of Victory Day celebrations on Saturday. Kyiv had earlier called for an indefinite truce, starting 6 May. Russia has warned Ukraine not to try to attack the Victory Day parade in Red Square.
(BBC News Web Page: 08/05/26, FARUK)

**OIL PRICES RISE AFTER US AND IRAN EXCHANGE FIRE IN HORMUZ STRAIT**

Oil prices rose on Friday after the US and Iran exchanged fire in the key Strait of Hormuz waterway. The US said it made self-defence strikes in response to "unprovoked" Iranian attacks as US ships were heading out of the Gulf through the strait, which is south of Iran. Iran said the US had violated the ceasefire agreed in April, according to its state media. The global Brent oil benchmark price rose almost 3% to nearly $103 a barrel at one point before falling back to around $100. Despite the attacks, US President Donald Trump said on Friday the US-Iran ceasefire is still in place. (BBC News Web Page: 08/05/26, FARUK)

**THREE DEAD AFTER VOLCANO ERUPTS ON INDONESIAN ISLAND**

Three people hiking on Indonesia's Mount Dukono have died after the volcano erupted on Friday morning. Videos and pictures of the eruption show the volcano, located on North Maluku island, spewing a column of ash stretching 10km into the sky. The three victims were part of a group of 20 Singaporeans and Indonesians hiking on the mountain despite restrictions. The rest of the group was eventually located by rescuers and evacuated from the mountain. The volcano has erupted more than 200 times since last March. Officials had previously issued warnings against climbing the mountain due to safety concerns.
(BBC News Web Page: 08/05/26, FARUK)

**SOUTH AFRICA PRESIDENT FACES CALL TO RESIGN AFTER COURT RULING**

South African opposition leader Julius Malema has called on President Cyril Ramaphosa to resign after the Constitutional Court ruled that parliament had violated the constitution by blocking moves to impeach him in 2022. The judgement follows a legal challenge by

Malema's Economic Freedom Fighters (EFF) and others, and could result in fresh impeachment proceedings. Ramaphosa's office said he respects the judgement. In 2022, an independent panel said Ramaphosa may have a case to answer after burglars stole $5,80,000 in cash, hidden in a sofa, from his rural home. The theft led to allegations that he had not accounted for where the cash had come from. The president denied wrongdoing. (BBC News Web Page: 08/05/26, FARUK)

**THIRD BRITISH NATIONAL HAS SUSPECTED HANTAVIRUS INFECTION: UK GOVERNMENT**

A third British national has suspected hantavirus in connection with an outbreak on board the cruise ship MV Hondius, the government has said. The patient is currently on the remote Atlantic island of Tristan da Cunha, where the ship stopped in mid-April. Two other British men have confirmed cases - one remains in a stable condition in the Netherlands after being evacuated from the ship on Wednesday, while the other remains in intensive care after being flown to South Africa last month. Five cases of hantavirus have been confirmed, including one of the three passengers on the cruise who died. The MV Hondius is expected to dock in the Canary Islands at the weekend, where the government has confirmed it will be met by a chartered plane to fly the remaining British passengers and crew on the cruise ship back to the UK. (BBC News Web Page: 08/05/26, FARUK)

**US JET FUEL COULD BE USED IN EUROPE TO EASE POSSIBLE SHORTAGES**

European airlines should use US-made jet fuel to ease potential shortages caused by the US-Israel war with Iran, two major international airline bodies have suggested. The International Air Transport Association (IATA) has suggested that wider international acceptance of US-grade jet fuel could help to head off any supply problems. Meanwhile, the European Aviation Safety Agency (EASA) has drawn up safety guidance, setting out how US supplies could be introduced into the European market, as well as information on the risks involved. The price of jet fuel most European airlines currently use has jumped by half since the start of the war. In a blog post, IATA's director of flight and technical operations, Stuart Fox warned that if the conflict in the Middle East continues "it won't be long before we see fuel shortages in some parts of the world". (BBC News Web Page: 08/05/26,FARUK)

**FORMER BOTSWANA PRESIDENT FESTUS MOGAE DIES AGED 86**

Botswana's former head of state Festus Mogae has died at the age of 86, President Duma Boko has announced. "Today Botswana mourns a distinguished statesman and patriot whose life was devoted to the service of his country," Boko announced, adding that Mogae died early on Friday. The former president, who led Botswana from 1998 to 2008, had been in ill health for some time. In a statement last month, the government said he was receiving medical care at a hospital in the capital, Gaborone, without disclosing the nature of his illness. Mogae, the country's third president, is widely credited with strengthening Botswana's economic management and governance systems during a period of rapid growth driven by diamond revenues. In his address to the nation on Friday, Boko hailed Mogae as a leader who "stood firmly for discipline, good governance, economic prudence and the advancement of our nation". (BBC News Web Page: 08/05/26, FARUK)

**DOZENS KILLED IN JIHADIST ATTACKS ON VILLAGES IN CENTRAL MALI**

Dozens of people have reportedly been killed in attacks on two villages in central Mali, the deadliest assault since armed groups launched a co-ordinated offensive in the country last month. At least 30 people were killed when jihadists raided the villages of Korokori and Gomossogou in Mopti region, according to sources quoted by the AFP news agency. Other diplomatic and aid sources separately told the Reuters news agency the death toll from Wednesday's simultaneous attacks had reached at least 50. The al-Qaeda-linked group JNIM said it was responsible. The Malian army said it had conducted a "targeted operation" in the area, where about a dozen jihadist fighters were "neutralized".
(BBC News Web Page: 08/05/26, FARUK)

**FIVE KILLED IN HUGE FIRE AT PACKED MEXICO FAIRGROUND**

At least five people have died in a huge blaze at a crowded fairground in south-eastern Mexico, local officials say. They say the blaze in the city of Villahermosa, Tabasco state, erupted during a concert in the early hours on Thursday. Mexico's El Pais said that, according to official information, as many as 1,35,000 people were attending the concert that

started on Wednesday night. Footage has emerged on social media showing screaming crowds fleeing the grounds in panic. The cause of the fires is unknown.
(BBC News Web Page: 08/05/26, FARUK)

## :: THE END ::

## :: THE END ::